হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

বর্ষ ৩ ঃ সংখ্যা-২৪৩ ঃ মেহেরপুর-মঙ্গলবার ১৬ সেপ্টেম্বর ২০২৫ ইং ঃ ১ আশ্বিন ১৪৩২ বাংলা ঃ ২২ রবি,আউ ১৪৪৭ হিজরি ঃ পৃষ্ঠা-০৪ মূল্য-৪.০০ টাকা www.amadersurjodoy.com



ভিকি জাহেদের ফিকশনে তৌসিফ-সাদিয়া-পৃষ্ঠা-৩

## নেপালে অন্তর্বর্তী প্রধানমন্ত্রীর পদত্যাগ দাবিতে ফের রাস্তায় জেন জি

সূর্যোদয় প্রতিবেদন

নেপালে অন্তর্বর্তী প্রধানমন্ত্রী সুশীলা কার্কির পদত্যাগ দাবিতে আবারও রাস্তায় নেমেছে জেন জি আন্দোলনকারীরা। রোববার (১৪ সেপ্টেম্বর) রাতে রাজধানী কাঠমান্ডুর বালুওয়াটারে প্রধানমন্ত্রীর বাসভবনের সামনে স্লোগান দিতে থাকেন বিক্ষোভকারীরা। আন্দোলনের অন্যতম নেতা সুদান গুরুংয়ের নেতৃত্বে এই কর্মসূচি অনুষ্ঠিত হয়। আন্দোলনকারীদের অভিযোগ, নতুন মন্ত্রিসভা গঠনের ক্ষেত্রে তাদের সঙ্গে কোনো পরামর্শ করা হয়নি। তাই কার্কির পদত্যাগ ছাড়া আর কোনো বিকল্প নেই বলে তারা দাবি করছেন। সুদান গুরুং হুঁশিয়ারি দিয়ে বলেন, "আমরা যদি আবার রাস্তায় নামি, কেউ আমাদের থামাতে পারবে না। যেখানে বসিয়েছি, সেখান থেকে উপড়ে ফেলব।" তিনি অভিযোগ করেন, আইনজীবী ওম প্রকাশ আর্যাল ভেতর থেকে নিজেকে স্বরাষ্ট্রমন্ত্রী বানিয়ে নিয়েছেন। এসময় তিনি সঙ্গে নিয়ে আসেন গত সপ্তাহে নিহত ও আহত

২-এর পৃষ্ঠা দেখুন



বিএসএফের বাঁধে জলাবদ্ধতা

# ক্ষতির মুখে মেহেরপুরের শত শত কৃষক

নিজস্ব প্রতিবেদক

ভারতীয় সীমান্তরক্ষী বাহিনী (বিএসএফ) কালভার্টের মুখ বন্ধ করে দেওয়ায় পানিতে ডুবে গেছে মেহেরপুরের গাংনী উপজেলার সহড়াতলা গ্রামের বিস্তীর্ণ ফসলি জমি। বিস্তৃত জলরাশি দেখে মনে হচ্ছে বন্যা কবলিত এলাকা। চলতি মৌসুমে অতিবৃষ্টির কারণে জমে থাকা পানির নিষ্কাশন না হওয়ায় নষ্ট হয়েছে আমন ধানসহ নানা ফসল। অনাবাদি হয়ে পড়েছে প্রায় ৫ শ একর জমি। জানা গেছে , বাংলাদেশ-ভারতের মেহেরপুরের সহড়াতলা ও ভারতের নদীয়া জেলার ব্রজনাতপুর সীমান্ত মাঠ একসাথে। প্রতিবছর বৃষ্টির পানি ব্রজনাতপুর অংশের একটি কালভার্ট দিয়ে বের হয়ে যায়। তবে এবার ব্রজনাতপুর বিএসএফ ক্যাম্পের সদস্যরা পলিথিন ও বাঁশ দিয়ে কালভার্টটির মুখ আটকে দেওয়ায় পানি বের হতে না পেরে সহড়াতলার মাঠে জলাবদ্ধতা সৃষ্টি হয়েছে। কালভার্টের মুখ দ্রুত না খোলা হলে আগামী কয়েক ১বছর চাষাবাদ করা সম্ভব হবে না। এতে লোকসানে পড়বেন সহড়াতলাসহ আশপাশ এলাকার হাজারো কৃষক। উৎপাদন ব্যাহত হবে অন্তত ৫০০ একর জমির ফসল। নীলের মাঠের চাষী রুহুল আমিন বলেন, ভারতের কিছু জনগন কালভার্টের মুখ বন্ধ করে দিয়েছে। এতে মাঠের প্রায় ৫০০ একর জমি পানিবন্দী হয়ে পড়েছে। নষ্ট হয়েছে

২-এর পৃষ্ঠা দেখুন

## মেহেরপুরে আগাম জাতের সিম চাষে ভাগ্য বদলাচ্ছে কৃষকদের

নিজস্ব প্রতিবেদক



মেহেরপুরের কৃষকরা আগাম জাতের শিম চাষ করে ভালো ফলন ও লাভের মুখ দেখছেন, যা তাদের ভাগ্য বদলে দিচ্ছে। এটি শীতকালীন সবজি হলেও, আগাম চাষ করে তারা উচ্চ মূল্যে শিম বিক্রি করে লাভবান হচ্ছেন, বিশেষ করে যখন বাজারে এর চাহিদা বেশি থাকে। এবার আবহাওয়া শিম চাষের অনুকুলে থাকায় শিমের ফলন ভালো হয়েছে বলে জানিয়েছেন কৃষি দপ্তর। কৃষকরা বলছেন, প্রতি বিঘায় সব খরচ বাদ দিয়েও লাখ টাকা আয় করা সম্ভব হচ্ছে। শীতকালীন সবজির মধ্যে অন্যতম শিম। বছর সাতেক ধরে এলাকায় বাণিজ্যিকভাবে চাষ হচ্ছে আগাম জাতের শিম। অন্যান্য ফসলের তুলনায় কম খরচে বেশী লাভ হওয়ায় দিন দিন এই আবাদে ঝুঁকছেন চাষিরা। আগাম বাজারে নামাতে পারলে ভালো দাম পাওয়া যাবে এমন প্রত্যাশা কৃষকদের। চলতি মৌসুমে উপজেলায় ৫৩৫ হেক্টর জমিতে শিম চাষ হচ্ছে। তাছাড়া প্রায় প্রতিটি বাড়িতে মাচা কিংবা গাছে শোভা পাচ্ছে শিম। গৃহিনীরা সাংসারিক প্রয়োজন মেটানোর পর শিম বিক্রি করে তারা বাড়তি টাকা আয় করছেন। মেহেরপুর খন্দকার পাড়ার কৃষক হেলাল উদ্দীন বলেন সারিবদ্ধভাবে গর্ত খুঁড়ে কিছু গোবর সার প্রয়োগ করে শিমের বীজ বপন করতে হয়। এরপর কিছুদিন সার, সেচ ও কীটনাশক দিয়ে পরিচর্যা করলে চারাগুলো বড় হয়। এরপর বান বা মাচা তৈরী করে দিলে মাত্র ৩/৪ মাসের মধ্যেই বিক্রি করার মতো হয়ে যায় শিম। পতিত জমি বা বাড়ির আঙ্গীনায় শিম চাষ করা যায়। মেহেরপুরের গাংনী উপজেলার চর গোয়াল গ্রামের কৃষক রাকিব হোসেনের চোখে এখন নতুন স্বপ্ন। মাত্র ১৫ শতক জমিতে শীতকালীন আগাম জাতের সিম চাষ করে তিনি লাভবান হয়েছেন। ২০ হাজার টাকা খরচ করে জমি প্রস্তুত থেকে শুরু করে সার, বীজ ও কীটনাশক ব্যবহার করেছেন। এরই মধ্যে তিনি জমি থেকে প্রায় ২৩ হাজার টাকার সিম বিক্রি করেছেন। মৌসুম চলাকালীন আরও ৬০ থেকে ৮০

২-এর পৃষ্ঠা দেখুন



## মেহেরপুরে আইএফআইসি ব্যাংকের সেমিনার

নিজস্ব প্রতিবেদক

তারুণ্যের উৎসব উপলক্ষে মেহেরপুরে আইএফআইসি ব্যাংকের উদ্যোগে সেমিনার অনুষ্ঠিত হয়েছে।গতকাল সোমবার (১৫ সেপ্টম্বর) দুপুরে মেহেরপুর সরকারি টেকনিক্যাল স্কুল অ্যান্ড কলেজের মিলনায়তনে এ সেমিনার অনুষ্ঠিত হয়। সেমিনারে সভাপতিত্ব করেন কলেজের শিক্ষক মোক্তার হোসেন মিয়া। এ সময় "তারুণ্যের প্রাণ,

২-এর পৃষ্ঠা দেখুন

## মেহেরপুরে মাদক মামলায় এক বছরের কারাদণ্ড

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর চীফ জুডিশিয়াল আদালতের কঠোর অবস্থানের কারণে মেহেরপুরে মাদক ব্যবসায় দৃশ্যমান ধস নেমেছে। মাদকসহ গ্রেপ্তার হলে সহজে জামিন পাওয়া যাচ্ছে না, দ্রুত সাক্ষী গ্রহণ ও প্রমাণ নিশ্চিত হলে সর্বোচ্চ শাস্তি প্রদান করা হচ্ছে। মেহেরপুরে মাদক রাখার অপরাধে মোহাম্মদ আলী সিদ্দিকী ওরফে বাবুকে এক বছরের কারাদণ্ড ও ৫ হাজার টাকা অর্থদণ্ড দিয়েছে আদালত। অনাদায়ে তাকে আরও ১৫ দিনের অতিরিক্ত কারাদণ্ড ভোগ করতে হবে। রায় ঘোষণা

২-এর পৃষ্ঠা দেখুন



## মেহেরপুরে স্বেচ্ছাসেবী সংগঠনের মাঝে এককালীন অনুদানের চেক বিতরণ

নিজস্ব প্রতিবেদক

বাংলাদেশ জাতীয় সমাজ কল্যাণ পরিষদের উদ্যোগে ২০২৪-২০২৫ অর্থবছরে নিবন্ধিত সাধারণ স্বেচ্ছাসেবী সংগঠনের মাঝে এককালীন অনুদানের চেক বিতরণ করা হয়েছে। গতকাল সোমবার (১৫ সেপ্টম্বর) সকালে জেলা প্রশাসন ও জেলা সমাজসেবা অধিদপ্তরের যৌথ উদ্যোগে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে এ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। জেলা প্রশাসক ড. মোহামদ আবদুল ছালাম প্রধান অতিথি

২-এর পৃষ্ঠা দেখুন

## কুষ্টিয়ায় বিজিবির মাদকবিরোধী অভিযান

নিজস্ব প্রতিবেদক

কুষ্টিয়া সীমান্তে বিশেষ অভিযানে ভারতীয় মদ ও নেশাজাতীয় ট্যাবলেট জব্দ করেছে কুষ্টিয়া ব্যাটালিয়ন (৪৭ বিজিবি)। উদ্ধারকৃত মাদকের আনুমানিক বাজারমূল্য এক লাখ তেত্রিশ হাজার পাঁচশত টাকা। বিজিবি সূত্রে জানা যায়, গত ১৪ সেপ্টেম্বর রাত আনুমানিক ১০টার দিকে মথুরাপুর বিওপির দায়িত্বপূর্ণ এলাকায় এ অভিযান পরিচালিত হয়। সুনির্দিষ্ট গোয়েন্দা তথ্যের ভিত্তিতে অধিনায়ক লে. কর্নেল মো. মাহ-বুব মুর্শেদ রহমান, পিএসসি এর দিকনির্দেশনায় জেসিও-১০৭৫৭

২-এর পৃষ্ঠা দেখুন



## মেহেরপুরে নারী সমাবেশ: নারীর ক্ষমতায়নে গুরুত্বারোপ

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর জেলা তথ্য অফিসের উদ্যোগে এক নারী সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। গতকাল সোমবার (১৫ সেপ্টেম্বর)বিকেল ৩টায় জেলা কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র (টিটিসি) মিলনায়তনে এ সমাবেশের আয়োজন করা হয়। সভায় সভাপতিত্ব করেন জেলা তথ্য অফিসার আব্দুল্লাহ আল মামুন। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রের অধ্যক্ষ ড. প্রকৌশল মো.

২-এর পৃষ্ঠা দেখুন



## নারী শান্তি সহায়কদের প্ল্যাটফর্মের আলোচনা সভা

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরে দি হাঙ্গার প্রজেক্ট বাংলাদেশ-এর এমআইপিএস প্রকল্পের আওতায় এবং এফসিডিও'র অর্থায়নে গঠিত "নারী শান্তি সহায়কদের প্ল্যাটফর্ম (ওয়েভ)" এর আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। আলোচনা সভায় ওয়েভের সমন্বয়কারী সুমি বিশ্বাস সভার সভাপতিত্ব করেন। সভায় অন্যদের মধ্যে বক্তব্য দেন পিএফজির কোঅর্ডিনেটর মুজাহিদ আল মুন্না, পিস অ্যাম্বাসেডর সাইয়্যেদাতুন নেসা নয়ন, ওয়াইপিএজির কোঅর্ডিনেটর রাজিয়া সুলতানা, সহ-সমন্বয়কারী ফিরোজা আক্তার পপি, আফরোজা পারভিন। এসময় অন্যদের মধ্যে উপস্থি ছিলেন শার

২-এর পৃষ্ঠা দেখুন

## মেহেরপুরে পুলিশের অভিযানে ১০ আসামী গ্রেফতার

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর সদর থানা পুলিশ বিশেষ অভিযান পরিচালনা করে বিভিন্ন মামলার ১০ জন আসামীকে গ্রেফতার করেছে। গত ১৪ সেপ্টেম্বর (রবিবার) রাত ১০টার পর থেকে মেহেরপুর সদর থানার বিভিন্ন স্থা অভিযান পরিচালিত হয়। গ্রেফতারকৃতদের মধ্যে ৯ জন আদালতের সিআর ওয়ারেন্টভুক্ত আসামী এবং একজন নিয়মিত মামলার আসামী রয়েছেন। বিষয়টি মেহেরপুর সদর থানার ওসি প্রেসবিজ্ঞপ্তির মাধ্যমে নিশ্চিত করেছে।
গ্রেফতারকৃতরা হলেন. মেহেরপুর সদরের বারাদী (পাটাপোকা),গ্রামের মোঃ সোহেল রানা (৪৫), দফোরপুর

২-এর পৃষ্ঠা দেখুন



## গোল্ডকাপ ফুটবলে পিরোজপুর ৬ নং ওয়ার্ড চ্যাম্পিয়ন

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর সদর উপজেলার পিরোজপুর ইউনিয়ন পরিষদের উদ্যোগে তারুণ্যের উৎসব উপলক্ষে আয়োজিত ওয়ার্ডভিত্তিক গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্টে পিরোজপুর ৬ নং ওয়ার্ড চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করেছে। গতকাল সোমবার (১৫ সেপ্টম্বর) বিকেলে জাদুখালি মাঠে অনুষ্ঠিত ফাইনালে তারা ১-০ গোলে পিরোজপুর ২ নং ওয়ার্ডকে হারায়। খেলার প্রথমার্ধের ২০ মিনিটে শাকিলের একমাত্র গোলেই নির্ধারিত হয় ম্যাচের ভাগ্য। সমতায় ফেরার একাধিক সুযোগ পেলেও

২-এর পৃষ্ঠা দেখুন

## চুয়াডাঙ্গায় বৃদ্ধার অর্ধগলিত মরদেহ উদ্ধার

নিজস্ব প্রতিবেদক, চুয়াডাঙ্গা

চুয়াডাঙ্গা পৌর এলাকার হকপাড়ায় নিজ ভাড়া বাসা থেকে গুলশান আরা চমন (৫৫) নামে এক নারীর অর্ধগলিত মরদেহ উদ্ধার করেছে পুলিশ। গতকাল সোমবার (১৫ সেপ্টেম্বর) দুপুরে স্থানীয়দের তথ্যের ভিত্তিতে সদর থানা পুলিশ মরদেহটি উদ্ধার করে। নিহত গুলশান আরা ওই এলাকার মৃত মহিউদ্দীন জোয়ার্দ্দারের স্ত্রী। পুলিশ ও স্থানীয় সূত্রে জানা যায়, হকপাড়ার একটি ভাড়া বাড়িতে একাই বসবাস করতেন গুলশান আরা। টানা দুইদিন তার কোনো সাড়া-শব্দ না পেয়ে প্রতিবেশীরা খোঁজ নিতে যান। এ সময় ঘর থেকে দুর্গন্ধ ছড়াতে থাকলে তারা পুলিশে খবর দেন। পরে পুলিশ গিয়ে দরজা ভেঙে রক্তাক্ত অবস্থায় তার অর্ধগলিত মরদেহ

২-এর পৃষ্ঠা দেখুন



## মেহেরপুরে সাউন্ড লাইট ও ফুল শ্রমিক ইউনিয়নের নতুন কমিটি গঠন

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর জেলা ডেকোরেটর সাউন্ড লাইট ও ফুল শ্রমিক ইউনিয়ন, মেহেরপুর জেলা শাখার মতবিনিময় ও কমিটি গঠন অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে। সোমবার দুপুরে শহরের একটি কমিউনিটি সেন্টারে এ অনুষ্ঠান হয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন মো. লিটন মিয়া। এতে বক্তব্য রাখেন গোলাম মোস্তফা, সানোয়ার হোসেন সানু, আবু সিদ্দিক, ডালু, সফি, শাহীন, কাজী, শাহজালাল, ইদ্রিস হোসেন প্রমুখ। পরে সর্বসম্মতিক্রমে শাহজালালকে সভাপতি ও ইদ্রিস আলীকে সাধারণ সম্পাদক করে ২২ সদস্য বিশিষ্ট জেলা ডেকোরেটর সাউন্ড লাইট ও

২-এর পৃষ্ঠা দেখুন

অনুবাক্য
মামুনুর রশিদ মামুন
খবর:(বিচার ক্ষেত্রে রেকর্ড চিফ জুডিশিয়াল আদালতে)

মামলা করতেই বৃদ্ধ হলাম
সাক্ষী অনেক পরে
বছর ঘুরে সমন যায়
থাকে কি কারো মনে।
সময় এখন বদলে গেছে
পাবেনা পার দিতে হবে পাড়ি
হাজিরা না হলে পারে
সমন যাচ্ছে বাড়ি ।
উকিল বাবু ছুটছে দেখো
সাক্ষী এসে হাজির ।
কাগজপত্র গুছাতে ব্যাস্ত
আদালতের নাজির।
রেকর্ড করলো চিফ জুডিশিয়াল
বিচার নিস্পত্তি করে
বিজয় খুশি বিচার প্রার্থী
রাখতে হবে এই ধরা ধরে।



## সেনাবাহিনীর অভিযানে রুপাসহ যুবক আটক

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরে সেনাবাহিনীর অভিযানে সাড়ে ১৫ কেজি রুপাসহ আতিকুর রহমান শিপলু (৩৫) নামে এক যুবককে আটক করা হয়েছে।গতকাল সোমবার (১৫ সেপ্টেম্বর) দুপুরে সেনা ক্যাম্পের সামনে চেকপোস্ট বসিয়ে এ অভিযান চালানো হয়। আটক শিপলু সদর উপজেলার

২-এর পৃষ্ঠা দেখুন



## তরুণরা সক্রিয় থাকলে কোনো সমস্যাই অমীমাংসিত থাকবে না: প্রধান উপদেষ্টা

সূর্যোদয় প্রতিবেদন

প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূস তরুণদের মেধা, শক্তি ও সৃজনশীলতাকে দেশের উন্নয়নের মূল চালিকাশক্তি হিসেবে উল্লেখ করেছেন। তিনি বলেছেন, তরুণরা সক্রিয় থাকলে দেশের কোনো সমস্যাই অমীমাংসিত থাকবে না। সোমবার প্রধান উপদেষ্টার

২-এর পৃষ্ঠা দেখুন

মেসার্স এ. আর. এন্টারপ্রাইজ
প্রোঃ মোঃ আলতাফ হোসেন
এখানে পাওয়া যায়
✓ সকল প্রকার ক্রোকারিজ সামগ্রী
✓ প্লাস্টিক সামগ্রী
খুচরা ও পাইকারি বিক্রয়করা হয়।
পরিবেশক
• কিয়াম মেটাল ইন্ডাস্ট্রিজ
• আর এফ এল
• আকিজ সিরামিক
কাঁসারী বাজার, মেহেরপুর।
০১৯২২-৬৪৫২১৮, ০১৭০৯-১০৯১৯১

হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

ঢাকা ॥ মঙ্গলবার ॥ ১ আশ্বিন ১৪৩২ বাংলা ॥ ১৬ সেপ্টেম্বর ২০২৫ইং

জীবন ধারা



## ৮৭ বছরেও ওজন কমানোয় বাজিমাত ১২৩ কেজি থেকে সোজা চল্লিশে!

সূর্যোদয় প্রতিবেদন

ভারতীয় গণমাধ্যম এনডিটিভির প্রতিবেদনে বলা হয়েছে, পাঞ্জাবের অমৃতসরের বাসিন্দা ৮৭ বছর বয়সী শকুন্তলা দেবী। একসময় তার ওজন ছিল ১২৩ কেজি। এই অতিরিক্ত ওজনের কারণে তাঁর দৈনন্দিন জীবনযাত্রা কঠিন হয়ে পড়েছিল। তার দৃষ্টিশক্তিও ক্ষীণ হয়ে আসছিল। কিন্তু তিনি হার মানেননি। তিনি ওষুধের বদলে বেছে নেন এক প্রাকৃতিক উপায়; যোগাভ্যাস। ২০০৮ সালে তিনি টেলিভিশনে এক যোগগুরুকে দেখে অনুপ্রাণিত হন এবং বাড়িতেই সহজ আসনগুলো অনুশীলন শুরু করেন। এক বছর পর, ২০০৯ সালে, তিনি হরিদ্বারে যান এবং যোগের সঠিক প্রশিক্ষণ নেন। তার প্রতিদিনের রুটিন ছিল ভোর ৪টায় ঘুম থেকে উঠে নিয়ম করে যোগাভ্যাস করা। এই নিয়মানুবর্তিতা এবং কঠিন পরিশ্রমের ফলস্বরূপ এক বছরের মধ্যে তিনি ১২৩ কেজি থেকে মাত্র ৪০ কেজিতে নেমে আসেন। সম্প্রতি, লাফটার

৩-এর পৃষ্ঠা দেখুন





## একাদশ শ্রেণির ক্লাস ও ওরিয়েন্টেশন অনুষ্ঠান

নিজস্ব প্রতিবেদক,গাংনী

মেহেরপুর জেলার বিভিন্ন কলেজে সোমবার (১৫ সেপ্টেম্বর ২০২৫) একাদশ শ্রেণির নবীন শিক্ষার্থীদের জন্য ক্লাস উদ্বোধন ও ওরিয়েন্টেশন অনুষ্ঠান উৎসবমুখর পরিবেশে অনুষ্ঠিত হয়েছে। মেহেরপুর সরকারি কলেজ : সকাল ১০টায় কলেজের টিএসসিআরে একাদশ শ্রেণির ওরিয়েন্টেশন ক্লাস অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানের সভাপতিত্ব করেন অধ্যক্ষ প্রফেসর ড. এ. কে. এম. নজরুল কবীর। কোরআন তেলাওয়াত, গীতা ও বাইবেল পাঠের মাধ্যমে শুরু হওয়া অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন ভর্তি কমিটি২০২৫-এর আহ্বায়ক সহকারী অধ্যাপক মো. হাসানুজ্জামান। অতিথি হিসেবে বক্তব্য দেন বাংলা, রসায়ন, রাষ্ট্রবিজ্ঞান ও ব্যবস্থাপনা বিভাগের শিক্ষকরা। অনুষ্ঠান পরিচালনা করেন প্রভাষক এস. এম. আশরাফুল হাবিব।

এদিন নবীন শিক্ষার্থীদের হাতে গোলাপ, শুভেচ্ছা বার্তা ও কলম তুলে দেয় মেহেরপুর সরকারি কলেজ শাখা ছাত্রদল। তারা নবীন শিক্ষার্থীদের প্রতি আন্তরিক শুভেচ্ছা জানিয়ে বলেন, "শিক্ষার্থীরাই দেশ ও সমাজ গঠনের

৩-এর পৃষ্ঠা দেখুন

## স্ত্রীর নির্বাচনী প্রচারণায় অংশ নেওয়ায় বাধ্যতামূলক অবসরে ডিআইজি হামিদুল আলম

সূর্যোদয় প্রতিবেদন



অতিরিক্ত ডিআইজি হামিদুল আলম মিলনকে সরকারি চাকরি থেকে বাধ্যতামূলক অবসরে পাঠানো হয়েছে। রাষ্ট্রপতির আদেশক্রমে গত বুধবার (১০ সেপ্টেম্বর) জারি হওয়া স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের প্রজ্ঞাপনে এ সিদ্ধান্ত জানানো হয়। অভিযোগ রয়েছে, ২০২৩ সালের সেপ্টেম্বর-অক্টোবরে অসুস্থতার অজুহাতে এক মাসের ছুটি নেন হামিদুল আলম মিলন। ওই সময় তিনি বগুড়া-১ (সারিয়াকান্দি-সোনাতলা) আসনে তার স্ত্রীর নির্বাচনী প্রচারণায় সরাসরি অংশ নেন। শুধু তাই নয়, স্থানীয় নেতাকর্মীদের সঙ্গে হোয়াটসঅ্যাপ ও অন্যান্য মাধ্যমে নিয়মিত যোগাযোগ রেখে প্রচারণার কৌশল সাজান। এমন খবর প্রকাশ্যে আসার পর পুলিশ সদর দপ্তরের ডিসিপ্লিন উইং তদন্তে নামে। তদন্তে প্রমাণিত হয়, মিলন সরকারি চাকরির শৃঙ্খলা ভঙ্গ করেছেন এবং রাজনৈতিক কর্মকাণ্ডে জড়িয়েছেন। প্রজ্ঞাপনে বলা হয়েছে, তার বিরুদ্ধে প্রমাণিত অভিযোগ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮-এর বিধি ৩(খ) এবং সরকারি কর্মচারী আইন, ২০১৮-এর ৪৫(১) ধারার আওতায় '

৩-এর পৃষ্ঠা দেখুন

## রাকসুতে ৩৯ প্রার্থী বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত

সূর্যোদয় প্রতিবেদন

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের (রাবি) হল ছাত্র সংসদ নির্বাচনে ৩৯ জন প্রার্থী বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত হয়েছেন। এর মধ্যে ছয়টি ছাত্রী হলে ৩৬ জন এবং একটি ছাত্র হলে তিনজন রয়েছেন। সোমবার রাকসু, হল সংসদ ও সিনেটে ছাত্র প্রতিনিধি নির্বাচনের প্রধান রিটার্নিং কর্মকর্তা প্রফেসর ড. মো: সেতাউর রহমান বিষয়টি নিশ্চিত করেছেন। বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিতদের মধ্যে বিজয়-২৪ হলে তিনজন, মন্নুজান হলে একজন, রোকেয়া হলে ছয়জন, তাপসী রাবেয়া হলে তিনজন, বেগম খালেদা জিয়া হলে ১০ জন, রহমতুন্নেসা হলে নয়জন এবং জুলাই-৩৬ হলে সাতজন রয়েছেন।

তবে ছাত্রীদের চারটি হলে একটি করে পদে কেউ মনোনয়নপত্র উত্তোলন না করায় পদগুলো ফাঁকা থাকবে। এগুলো হলো-

৩-এর পৃষ্ঠা দেখুন



## সীমা পুনর্বিন্যাস নিয়ে ভাঙ্গায় ইউএনও কার্যালয় অগ্নিসংযোগ

সূর্যোদয় প্রতিবেদন

ফরিদপুরের ভাঙ্গায় সংসদীয় আসনের সীমানা পুনর্বিন্যাস ও পুলিশের দায়ের করা মামলার প্রতিবাদে বিক্ষোভকারীরা উপজেলা নির্বাচন কার্যালয়, উপজেলা নির্বাহী কর্মকর্তার (ইউএনও) কার্যালয় ও উপজেলা অফিসার্স ক্লাবে ভাঙচুর ও অগ্নিসংযোগ চালিয়েছে। এ সময় থানা ঘেরাও, পুলিশের একাধিক গাড়ি ভাঙচুর ও সেনাবাহিনীর এপিসি লক্ষ্য করে ইটপাটকেল নিক্ষেপের ঘটনাও ঘটে। সোমবার দুপুর ১টার পর ভাঙ্গা উপজেলা সদরের বিভিন্ন স্থানে এসব সংঘাত ছড়িয়ে পড়ে। আন্দোলনকারীরা সংবাদ সংগ্রহে থাকা সাংবাদিকদের ওপরও হামলা চালায়। মাইটিভির সাংবাদিক সারোয়ার হোসেনকে কুপিয়ে জখম করা হয়। যমুনা টিভির ভাঙ্গা প্রতিনিধি আব্দুল মান্নানসহ আরও কয়েকজন সাংবাদিক আহত হয়ে বর্তমানে ভাঙ্গা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে

৩-এর পৃষ্ঠা দেখুন

## 'নির্বাচন বানচালকারীরা আপনার কাছাকাছি'- ইউনূসকে ফারুক

সূর্যোদয় প্রতিবেদন

অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসকে উদ্দেশ করে বিএনপি চেয়ারপারসনের উপদেষ্টা জয়নুল আবদিন ফারুক বলেছেন, ফেব্রুয়ারি নির্বাচনকে বানচাল করার ষড়যন্ত্রকারীরা তার কাছাকাছিই অবস্থান করছে। সোমবার (১৫ সেপ্টেম্বর) জাতীয় প্রেস ক্লাবের সামনে অপরাজেয় বাংলাদেশ আয়োজিত সমাবেশে তিনি এ মন্তব্য করেন। ফারুক বলেন, 'হাসিনা এবং তার মেয়ে বর্তমানে দিল্লিতে। যে ব্যক্তি বাংলাদেশের সবচেয়ে বেশি ক্ষতি করেছে, সেই সাবেক স্বরাষ্ট্রমন্ত্রীও সেখানে রয়েছেন। যারা আমাদের রক্ত ঝরিয়ে বাংলাদেশকে তছনছ করেছে, তাদের মধ্যে মাত্র দু'একজন ছাড়া কাউকেই সরকার এখনো গ্রেফতার করতে পারেনি। সচিবালয়ে এখনো আওয়ামী

২-এর পৃষ্ঠা দেখুন




## জুলাই সনদ-পিআর পদ্ধতিতে নির্বাচনের দাবিতে যুগপৎ আন্দোলনে নামছে জামায়াত

সূর্যোদয় প্রতিবেদন

নির্বাচনের পূর্বে জুলাই সনদের পূর্ণাঙ্গ বাস্তবায়ন, সংসদের উভয় কক্ষে পিআর (প্রোপোরশনাল রিপ্রেজেন্টেশন) পদ্ধতিতে নির্বাচন, জুলাই গণহত্যার বিচার, নির্বাচনী লেভেলপ্লেইং ফিল্ড নিশ্চিত করা এবং জাতীয় পার্টি ও আওয়ামী লীগ নেতৃত্বাধীন ১৪ দলের রাজনীতি নিষিদ্ধ করার দাবিতে যুগপৎ আন্দোলনে নামার ঘোষণা দিয়েছে বাংলাদেশ জামায়াতে ইসলামী। সোমবার রাজধানীর মগবাজারের আল ফালাহ মিলনায়তনে আয়োজিত সংবাদ সম্মেলনে দলের নায়েবে আমির ডা. সৈয়দ আব্দুল্লাহ মুহাম্মদ তাহের এ ঘোষণা দেন। কর্মসূচি অনুযায়ী আগামী ১৮ সেপ্টেম্বর ঢাকায়, ১৯ সেপ্টেম্বর বিভাগীয় শহরে এবং ২৬ সেপ্টেম্বর জেলা ও উপজেলা পর্যায়ে বিক্ষোভ মিছিল ও সমাবেশ করবে জামায়াত। এর আগে গতকাল রোববার একই কর্মসূচির ঘোষণা দেন

৩-এর পৃষ্ঠা দেখুন




## ইসলামী দলগুলোর জোটবদ্ধ হওয়ার পথে: রেজাউল করীম

সূর্যোদয় প্রতিবেদন

ইসলামী রাজনৈতিক দলগুলো জোটবদ্ধ হয়ে এক প্ল্যাটফর্মে আসার প্রক্রিয়া প্রায় চূড়ান্ত বলে জানিয়েছেন ইসলামী আন্দোলন বাংলাদেশের আমির মুফতি সৈয়দ মুহাম্মদ রেজাউল করীম। তিনি বলেন, দেশপ্রেমিক ও মানবতাপ্রেমিকদের জোটবদ্ধ হয়ে আগামী জাতীয়

৩-এর পৃষ্ঠা দেখুন

## পাকিস্তান ক্লাব পর্যায়ের ক্রিকেটও খেলতে পারছে না- শোয়েব আক্তার

সূর্যোদয় প্রতিবেদন

দুবাই আন্তর্জাতিক স্টেডিয়ামে এশিয়া কাপে ভারত-পাকিস্তান ম্যাচকে ঘিরে সমর্থকদের আগ্রহ ছিল তুঙ্গে। তবে মাঠে দেখা গেছে একপেশে লড়াই। দুর্বল ব্যাটিংয়ে ১২৭ রানে থেমে যায় পাকিস্তান। লক্ষ্য তাড়া করতে নেমে ভারত ২৫ বল হাতে রেখে ৭ উইকেটের জয় তুলে নেয়। পাকিস্তানের এমন হতাশাজনক পারফরম্যান্সে ক্ষুব্ধ হয়েছেন দেশটির কিংবদন্তি ফাস্ট বোলার শোয়েব আক্তার। রাষ্ট্রীয় ক্রীড়াচ্যানেল পিটিভি স্পোর্টসের 'গেম অন হে' অনুষ্ঠানে তিনি বলেন, 'শুরুতে বা শেষে ব্যাটিং

৩-এর পৃষ্ঠা দেখুন



## 'ঢাকায় আর বন্ধুত্বপূর্ণ সরকারের নিশ্চয়তা নেই' শশী থারুর

সূর্যোদয় প্রতিবেদন

ভারতের কংগ্রেস নেতা শশী থারুর বাংলাদেশের সাম্প্রতিক রাজনৈতিক পরিস্থিতি নিয়ে গভীর উদ্বেগ প্রকাশ করেছেন। ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (ডাকসু) নির্বাচনে জামায়াতে ইসলামীর ছাত্র সংগঠনের জয়ের পর তিনি বলেছেন, নয়াদিল্লি এখন ঢাকায় একটি বন্ধুত্বপূর্ণ সরকারের নিশ্চয়তা আশা করতে পারে না এবং

৩-এর পৃষ্ঠা দেখুন

## রুশ ড্রোন অনুপ্রবেশে সতর্ক ন্যাটো, আকাশ প্রতিরক্ষায় বড় চ্যালেঞ্জ

সূর্যোদয় প্রতিবেদন

ইউরোপের আকাশসীমায় রাশিয়ার ড্রোন অনুপ্রবেশ নিয়ে চরম সতর্ক অবস্থানে রয়েছে উত্তর আটলান্টিক জোট (ন্যাটো)। সাম্প্রতিক ঘটনায় ন্যাটোর ইতিহাসে আকাশসীমা লঙ্ঘনের সবচেয়ে বড় ঘটনা রেকর্ড হয়েছে, যা জোটটির প্রতিরক্ষা ব্যবস্থার দুর্বলতাকে নতুন করে সামনে এনেছে। গত ১০ সেপ্টেম্বর অন্তত ১৯টি রুশ ড্রোন পোল্যান্ডের আকাশসীমায় প্রবেশ করে। এর মধ্যে কয়েকটি গুলি করে ভূপাতিত করা হলেও বেশ কিছু ড্রোন অনায়াসে ভেতরে প্রবেশ করে। ইতালির

২-এর পৃষ্ঠা দেখুন

## বিক্ষোভে উত্তাল তুরস্ক, এরদোয়ানের পদত্যাগ দাবি

সূর্যোদয় প্রতিবেদন

বিরোধী দলের ওপর সরকারের দমনপীড়নের অভিযোগে উত্তাল তুরস্কের রাজনীতি। রবিবার দেশটির রাজধানী আঙ্কারায় প্রধান বিরোধী দল রিপাবলিকান পিপলস পার্টির বিশাল সমাবেশে যোগ দেন হাজার হাজার মানুষ। সমাবেশে এরদোয়ানের পদত্যাগ

২-এর পৃষ্ঠা দেখুন

কুদরত-ই-খুদা ক্লিনিক এন্ড ল্যাব
আসিফ প্লাজা (২য় ও ৩য় তলা), মুজিবনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের সামনে, কেদারগঞ্জ বাজার, মুজিবনগর, মেহেরপুর।
সিরিয়ালের : ০১৭৫৭-৮২৮২৭৮
উরোলজি বিশেষজ্ঞ
ডা. আ. ফ. ম. মুনতাহী রেজা
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য) এফসিপিএস (ইউরোলজি), এমএস (ইউরোলজি)
কিডনি, মূত্রথলী, মূত্রনালী, প্রোস্টেট, অণ্ডকোষ, পুরুষ প্রজননতন্ত্র ও ফিমেল ইউরোলজির রোগের বিশেষজ্ঞ চিকিৎসা ও সার্জারি।
রোগী দেখেন: শনিবার ও রবিবার (দুপুর ২টা – রাত ৮টা পর্যন্ত)।
মেডিসিন বিশেষজ্ঞ
ডা. মো. আতিকুর রহমান
এমবিবিএস (ডিএমসি), বিসিএস (স্বাস্থ্য), সিসিডি (বারডেম), এমআরসিপি (ইউকে, পার্ট-১), এফসিপিএস (মেডিসিন) শেষ পর্ব, সহকারী রেজিস্ট্রার, কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতাল
চিকিৎসা দিচ্ছেন: স্ট্রোক, হৃদরোগ, ডায়াবেটিস, বাতব্যথা, বক্ষব্যাধি, হাঁপানি, যক্ষা, লিভার ও রক্তের রোগ, মানসিক রোগ, কিডনি রোগ, গ্যাস্টিক, উচ্চ রক্তচাপ, জন্ডিস, ফ্যাটি লিভারসহ সব ধরনের মেডিসিন সমস্যায়।
রোগী দেখেন: প্রতি মঙ্গলবার (দুপুর ২টা – রাত ৮টা পর্যন্ত)।
নিউরোসার্জন (মুজিবনগরে প্রথম)
ডা. মো. মোক্তাদ্বিরুউল বাশার
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য),এমএস রেসিডেন্ট, নিউরোসার্জারি (ব্রেইন, নার্ভ, স্পাইন, পেইন), স্পেশাল ট্রেনিং ইন পেইন ম্যানেজমেন্ট, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতা|
ব্রেইন, নার্ভ ও স্পাইন সম্পর্কিত রোগ ও ব্যথার বিশেষজ্ঞ চিকিৎসা।
রোগী দেখেন: প্রতি শুক্রবার (দুপুর ২টা – সন্ধ্যা ৬টা পর্যন্ত)।
সিরিয়ালের : ০১৭৫৭-৮২৮২৭৮
সব ধরনের অপারেশন করা হয়: হার্নিয়া, জরায়ু, পিত্তথলির পাথর, সিজার, অ্যাপেনডিক্স, অর্শ/পাইলস ইত্যাদি।
ডা. মাহাবুব আলম বিপ্লব(সহকারী অধ্যাপক) , ডা. হাসানুজ্জামান নুপুর (বিশেষজ্ঞ সার্জন), ডা. রিচার্ড সরেন (পি.জি.টি সার্জন)
আধুনিক সুবিধাসম্পন্ন কুদরত-ই-খুদা ক্লিনিক এন্ড ল্যাব-এ অভিজ্ঞ বিশেষজ্ঞ ডাক্তারদের তত্ত্বাবধানে উন্নত চিকিৎসা সেবা পাওয়া যাচ্ছে।

প্রযুক্তি

## অর্থোপেডিক চিকিৎসায় নতুন দিগন্ত: ভাঙা হাড় জোড়া লাগবে ৩ মিনিটে

সূর্যোদয় প্রতিবেদন



ভাঙা হাড় জোড়া লাগাতে দীর্ঘ মেয়াদে চিকিৎসার প্রয়োজন হয়। তবে এবার বড় সুখবর দিল চীনের একদল গবেষক। তারা এমন এক অভিনব চিকিৎসা আঠা তৈরি করেছেন, যা মাত্র তিন মিনিটেই ভাঙা বা টুকরো টুকরো হাড় জোড়া লাগাতে সক্ষম। চিকিৎসা বিজ্ঞানে কার্যকর হাড়ের আঠা খুঁজে বের করা দীর্ঘদিন ধরেই একপ্রকার 'সোনার হরিণ' হিসেবে বিবেচিত হচ্ছিল। অবশেষে সেই চ্যালেঞ্জের সমাধান এনে দিলেন চীনা বিজ্ঞানীরা। গবেষকদের দাবি, ঝিনুকের প্রাকৃতিক এক কৌশল কাজে লাগিয়ে তৈরি 'বোন ০২' নামের বিশেষ ধরনের এই আঠা। নতুন এই আবিষ্কার অর্থোপেডিক চিকিৎসায় এক নতুন দিগন্ত খুলে দিতে পারে বলে ধারণা করা হচ্ছে। গবেষক দলের প্রধান সার রান রান শ হাসপাতালের অর্থোপেডিক সার্জন লিন শিয়ানফেং বলেন, পানির নিচে কীভাবে ঝিনুক

৩-এর পৃষ্ঠা দেখুন

মায়ের হাসি ক্লিনিক
ও নিউ হেলথ্ কেয়ার ল্যাব
মোতাছিম বিল্লাহ মতু'র বাসা, কাশারীপাড়া, মেহেরপুর।
পরীক্ষাসমূহ ✅ ই.সি.জি (কম্পিউটারাইজড) ✅ এক্স-রে ✅ আল্ট্রাসনোগ্রাফি ✅ হরমন এনালাইসিস ✅ সকল প্রকার প্যাথলজি পরীক্ষা ✅ মহিলা বিশেষজ্ঞ দ্বারা নরমাল ডেলিভারি, সিজারিয়ান ও সব ধরনের অপারেশন ✅ আধুনিক যন্ত্রপাতি ও যত্নবান সেবা
সিরিয়ালের জন্য যোগাযোগ: রিসিপশন : ০১৩০৬-৯২৫৬২৫
মার্কেটিং - জসিম : ০১৭১৩-৯১২৫৫১ বাপ্পী : ০১৭১২-২১৪১৩১
নিয়মিত রোগী দেখেন
শিশুরোগ, শিশুপুষ্টি ও মেডিসিন বিশেষজ্ঞ
ডাঃ এম.র. মালিক
এমবিবিএস, ডিসিএইচ (আয়ারল্যান্ড) এমএসসি (পুষ্টি) ডিসিএম, সিসিডি, এমএসসি (সাইকো) এমপিএইচ,আইপিপিএস (অষ্টেলিয়া) সিসিড, পিজিপিএন বোস্টন ইউনিভার্সিটি, আমেরিকা)এফআরএসএম (লন্ডন) এফআরএসএইচ (লন্ডন), এমএএমএস (ভিয়েনা), সিপেড, বিসিএস (স্বাস্থ্য)ফেলো রয়েল সোসাইটি অব মেডিসিন (লন্ডন), রিসার্চ ফেলো-সিঙ্গাপুর ও অস্ট্রেলিয়া এসোসিয়েট প্রফেসর ও বিভাগীয় প্রধান (এক্স) নর্থ বেঙ্গল মেডিকেল কলেজ হসপিটাল
রোগী দেখেন : প্রতি রবিবার সকাল ৮ টা থেকে দুপুর ২ টা।
নবজাতক, শিশু ও কিশোর রোগ বিশেষজ্ঞ
ডাঃ কানিজ নাঈমা
এম.বি.বি.এস, বিসিএস (স্বাস্থ্য), ডিসিএইচ (শিশু) জুনিয়র কনসালটেন্ট (শিশু) ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, মেহেরপুর।
রোগী দেখেন: দুপুর ২ টা থেকে ৩ টা। ( শুক্রবার ব্যাতিত)
প্রসূতি ও স্ত্রীরোগ চিকিৎসক সার্জন ও সনোলজিষ্ট
ডাঃ রুমানা হেলালী (জুসি)
এম.বি.বি.এস (ঢাকা), বিসিএস (এফ.পি), ডি.এম.ইউ ই ও সি (অবস্ এন্ড গাইনী), মেডিকেল অফিসার, মা ও শিশু কল্যাণ কেন্দ্র,মেহেরপুর। গাইনী, বন্ধ্যাত্ব, গর্ভবতী, প্রসূতী, কিশোরী ও স্ত্রী রোগের চিকিৎসা করেন।
মেডিকেল প্রাক্তিশনার ও মেডিসিন রোগে অভিজ্ঞ
ডাঃ মুত্তাকী বিল্লাহ শাফিন
এমবিবিএস(ডিইউ)
আবাসিক মেডিকেল অফিসার, মায়ের হাসি ক্লিনিক, প্রতিদিন নিয়মিত রোগী দেখেন।
মেডিসিন, ডায়াবেটিস ও সনোলজিস্ট
ডাঃ এস.এম. আরাফাত আল আকাশ
এম.বি.বি.এস (ডি.ইউ), সিসিডি (বারডেম), পিজিটি (মেডিসিন), সি এম ইউ (আল্ট্রা) এইচ. এম. ও
রোগী দেখেন: প্রতি শুক্র ও শনিবার সকাল ১০ টা থেকে রাত্রি ৮ টা

ভারপ্রাপ্ত সম্পাদক : মাহবুবুল হক পোলেন। আবুল কাসেম অনুরাগী কর্তৃক স্টাডি হাউজ, মহিলা কলেজ রোড, গাংনী, মেহেরপুর থেকে প্রকাশিত ও হাই কোয়ালিটি প্রিন্টার্স ২৯, স্যার ইকবাল রোড, কুস্টিয়া থেকে মুদ্রিত।
সম্পাদকীয় ও বাণিজ্যিক কার্যালয় : প্রধান সড়ক, হোটেল বাজার মোড়, মেহেরপুর-৭১০০। মোবাইল : ০১৭১৪৯৩৮৬৪৭ ই-মেইল : surjonews@gmail .com

## ৮৭ বছরেও ওজন কমানোয়

(শেষ পৃষ্টার পর)
শেফ নামক একটি রান্নার অনুষ্ঠানে শকুন্তলা দেবী নিজের এই অবিশ্বাস্য যাত্রা সম্পর্কে সবাইকে জানান। অনুষ্ঠানের মঞ্চে তিনি যে অসাধারণ শারীরিক নমনীয়তা এবং ভারসাম্য দেখান, তা দেখে সবাই অবাক হয়ে যান। তার অনায়াস পুশ-আপস দর্শকদের মুগ্ধ করে। যদিও চিকিৎসা বিজ্ঞান বলছে, কেবল ইয়োগা দিয়েই এতো ওজন নিয়ন্ত্রণে আনা সম্ভব নয়। নিয়মতান্ত্রিক জীবনযাপন ও খাদ্যাভাসের সাথে শরীর চর্চার মিশেলেই কেবল লাগামহীন ওজনকে নিয়ন্ত্রণে আনা যায়।

## একাদশ শ্রেণির ক্লাস ও ওরিয়েন্টেশন

(শেষ পৃষ্টার পর)
অগ্রদূত।” গাংনী মহিলা ডিগ্রি কলেজ : একই দিন সকাল ১০টায় একাদশ শ্রেণির ক্লাস উদ্বোধন করা হয় কলেজ প্রাঙ্গণে। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন প্রতিষ্ঠাতা অধ্যক্ষ খোরশেদ আলী এবং প্রধান অতিথি ছিলেন গভর্নিং বডির সভাপতি আব্দুর রাজ্জাক। বক্তারা শিক্ষার্থীদের আদর্শ মানুষ হয়ে উঠতে মনোবল, মেধা ও লক্ষ্য ধরে রাখার আহ্বান জানান। অনুষ্ঠানে জিপিএ৫ প্রাপ্ত শিক্ষার্থীদের মেধা উপহার দেওয়া হয়। মেহেরপুর সরকারি মহিলা কলেজ : সকালে অনুষ্ঠিত ওরিয়েন্টেশন প্রোগ্রামে সভাপতিত্ব করেন অধ্যক্ষ প্রফেসর আব্দুল ওয়াদুদ। উপস্থিত ছিলেন উপাধ্যক্ষ প্রফেসর আব্দুল্লাহ আল আমিন, সহযোগী অধ্যাপক আশরাফুল আলম ও মেরাজ উদ্দিনসহ শিক্ষক-কর্মচারীরা। মুজিবনগর আদর্শ মহিলা কলেজ : এদিন নতুন শিক্ষার্থীদের জন্য উদ্বোধনী ক্লাসের আয়োজন করা হয়। উৎসবমুখর পরিবেশে নবীন শিক্ষার্থীদের হাসি-আনন্দে মুখরিত হয়ে ওঠে ক্যাম্পাস প্রাঙ্গণ।

## ডিআইজি হামিদুল আলম

(শেষ পৃষ্টার পর)
অসদাচরণ’ হিসেবে গণ্য করা হয়েছে। সরকারি কর্মকর্তা হিসেবে নিরপেক্ষতা হারানো, রাজনৈতিক প্রচারণায় সম্পৃক্ততা এবং দায়িত্ব থেকে বিরত থাকা এসবই গুরুতর অপরাধ হিসেবে ধরা হয়। হামিদুল আলম মিলনের পুলিশি ক্যারিয়ার শুরু হয়েছিল মাঠপর্যায় থেকে। ধাপে ধাপে পদোন্নতি পেয়ে তিনি অতিরিক্ত ডিআইজি পদে পৌঁছান। দায়িত্বে থেকে একাধিক আলোচিত মামলা ও অভিযান পরিচালনা করলেও তার ক্যারিয়ার জুড়ে বিতর্ক ছিল নিত্যসঙ্গী। কোথাও রাজনৈতিক সংশ্লিষ্টতা, কোথাও প্রভাব খাটানো কিংবা সমালোচিত সিদ্ধান্তড়এসব কারণে তিনি বারবার প্রশ্নবিদ্ধ হয়েছেন। বিশেষ করে নিজ জেলা বগুড়ায় রাজনৈতিক ঘনিষ্ঠতা নিয়ে তার নাম আলোচনায় এসেছে বারবার। এলাকার মানুষ জানতেন তার পরিবারের রাজনৈতিক সম্পৃক্ততা রয়েছে। স্ত্রীর নির্বাচনী প্রচারণায় তাকে সরাসরি মাঠে দেখা যাওয়ায় স্থানীয়দের মধ্যে নানা প্রশ্ন তৈরি হয়। স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের প্রজ্ঞাপনে বলা হয়, একজন দায়িত্বশীল সরকারি কর্মকর্তার এমন কর্মকাণ্ড শৃঙ্খলাভঙ্গ, অনৈতিক ও নীতিবিরুদ্ধ। তাই তাকে বাধ্যতামূলক অবসরে পাঠানো ছাড়া সরকারের আর কোনো বিকল্প ছিল না। সংশ্লিষ্টরা বলছেন, এ সিদ্ধান্ত কেবল একজন কর্মকর্তার জন্য শাস্তি নয়; বরং গোটা প্রশাসনের জন্য একটি বার্তা। সরকারি চাকরিজীবীরা যদি রাজনৈতিক কর্মকাণ্ডে জড়ান, তবে তাদের বিরুদ্ধেও একই ব্যবস্থা নেওয়া হবে। প্রজ্ঞাপনের মাধ্যমে হামিদুল আলম মিলন সরকারি চাকরিজীবী হিসেবে সব দায়িত্ব ও সুযোগ-সুবিধা থেকে বঞ্চিত হয়েছেন।

## রাকসুতে ৩৯ প্রার্থী বিনা প্রতিদ্বন্দ্বিতায়

(শেষ পৃষ্টার পর)
বেগম খালেদা জিয়া হলে সহকারী বিতর্ক ও সাহিত্য সম্পাদক পদ এবং রোকেয়া, জুলাই-৩৬ ও রহমতুন্নেসা হলে নির্বাহী সদস্য পদ। প্রফেসর সেতাউর রহমান বলেন, ‘যে পদগুলো ফাঁকা আছে, সেগুলো ছাড়াই হল সংসদ চলবে। অন্য কোনোভাবে সেগুলো পূরণ করার উপায় নেই।’ রাকসু, সিনেট ও হল সংসদ নির্বাচনে মোট ৯০৩ জন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করছেন। এর মধ্যে কেন্দ্রীয় সংসদে ২৪৮ জন, সিনেটে ছাত্র প্রতিনিধি পদে ৫৮ জন এবং ১৭টি আবাসিক হলে ৫৯৭ জন প্রার্থী রয়েছেন। নির্বাচন কমিশন সূত্রে জানা গেছে, কেন্দ্রীয় সংসদে সহ-সভাপতি (ভিপি) পদে ১৮ জন, সাধারণ সম্পাদক (জিএস) পদে ১৩ জন এবং সহকারী সাধারণ সম্পাদক (এজিএস) পদে ১৬ জন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করছেন। হলভিত্তিক প্রতিদ্বন্দ্বিতায় ভিপি পদে ৬১ জন, জিএস পদে ৫৮ জন এবং এজিএস পদে ৫৭ জন রয়েছেন। ছাত্রীদের ছয়টি হলে ভিপি পদে ১৬ জন, জিএস পদে ১৬ জন এবং এজিএস পদে ১৫ জন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করছেন।

### হারিয়েছে

মোঃ সৌরভ, পিতা: মোঃ আমিনুর ইসলাম,মাতা: মোছাঃ পারভীন আক্তার, আমার মূল এস.এস.সি ও এইচ.এস.সি সনদপত্র ও নম্বরপত্র হারিয়ে গেছে। যার এস.এস.সি রোল নং- ১১১৩৮৮, রেজি: নং: ১৩১৩৮০৪৯১০,বোর্ড: যশোর, এইচ.এস.সি রোল নং- ৫২৭৫৩১, রেজি: নং: ১৩১৩৮০৪৯১০, বোর্ড: ঢাকা। এ বিষয়ে মেহেরপুর সদর থানায় সাধারণ ডায়েরী করা হয়েছে। যাহার জিডি নং: ৭৯৫, তারিখ: ৫/০৯/২০২৫ইং।

## সীমা পুনর্বিন্যাস নিয়ে ভাঙ্গায়

(শেষ পৃষ্টার পর)
চিকিৎসাধীন রয়েছেন। হামলাকারীরা কয়েকজন সাংবাদিকের মোবাইল ফোন ছিনিয়ে নেয়। এর আগের দিন রবিবার ইউএনও মিজানুর রহমানের সংবাদ সম্মেলনে উপস্থিত সাংবাদিকদের ‘দালাল’ আখ্যা দিয়েছিল আন্দোলনকারীরা। এরই ধারাবাহিকতায় সোমবার তাদের ওপর এ হামলা চালানো হয়। ভোরে অবরোধ কর্মসূচি শিথিল থাকলেও সকাল সাড়ে ১০টার দিকে বিক্ষোভকারীরা ফের সড়ক অবরোধ শুরু করে। এ সময় যান চলাচল স্বাভাবিক রাখতে পুলিশ বাধা দিলে ধাওয়া-পাল্টা ধাওয়ার ঘটনা ঘটে। অল্পসংখ্যক পুলিশ পরিস্থিতি সামাল দেওয়ার চেষ্টা করলে বিক্ষোভকারীরা তাদের ধাওয়া করে। পরে পুলিশ ভাঙ্গা মডেল মসজিদে আশ্রয় নেয় এবং কিছুক্ষণ পর থানায় ফিরে যায়। দুপুর ১টার পর ভাঙ্গা উপজেলার ১২টি ইউনিয়ন ও পৌরসভার কয়েক হাজার মানুষ একত্র হয়ে একযোগে হামলা চালায় বিভিন্ন সরকারি স্থাপনায়। উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) মো. মিজানুর রহমান বলেন, “আমরা কার্যালয় থেকে নিরাপদ স্থানে আছি। কারোর ওপর হামলার ঘটনা ঘটেনি। তবে ইউএনও কার্যালয়ের কিছু অংশে ভাঙচুর হয়েছে। নির্বাচন কার্যালয়ে ভাঙচুর ও অগ্নিসংযোগ করেছে আন্দোলনকারীরা।” অন্যদিকে থানা ও ট্রাফিক পুলিশ কার্যালয়ের ভেতরে আইনশৃঙ্খলা বাহিনীর সদস্য এবং নির্বাচন অফিসের কর্মকর্তারা নিরাপদ আশ্রয়ে রয়েছেন বলে জানা গেছে।

## জুলাই সনদ-পিআর পদ্ধতিতে

(শেষ পৃষ্টার পর)
বাংলাদেশ খেলাফত মজলিসের আমির মামুনুল হক। আজ চরমোনাই পীরের নেতৃত্বাধীন ইসলামী আন্দোলন বাংলাদেশ এবং আবদুল বাছিত আযাদের নেতৃত্বাধীন খেলাফত মজলিসও যুগপৎ আন্দোলনের অংশ হিসেবে একই কর্মসূচি ঘোষণার কথা রয়েছে। গত শনিবার এনসিপি, এবি পার্টি, গণঅধিকার পরিষদ ও নেজামে ইসলাম পার্টি বৈঠক করে। তবে এসব দল সংসদের উভয় কক্ষে নয়, শুধু উচ্চকক্ষে পিআর পদ্ধতি চাওয়ায় যুগপৎ আন্দোলনে থাকছে না। তবুও জুলাই সনদের বাস্তবায়ন এবং আওয়ামী লীগের সহযোগী দলগুলোকে নিষিদ্ধের দাবিতে সমর্থন জানিয়েছে তারা। বিএনপি জানিয়েছে, জুলাই সনদের যে সংস্কারের জন্য সংবিধান সংশোধন প্রয়োজন, সেগুলো পরবর্তী সংসদ গঠনের পর দুই বছরের মধ্যে বাস্তবায়ন করতে হবে। অন্যদিকে জামায়াত নির্বাচনের আগেই সংবিধান সংশোধন করে সনদ বাস্তবায়নের দাবি করছে। এ জন্য তারা প্রভিনশিয়াল সাংবিধানিক আদেশের মাধ্যমে বাস্তবায়নের প্রস্তাব দিচ্ছে। সংবাদ সম্মেলনে ডা. তাহের বলেন, ‘স্বৈরাচার শেখ হাসিনা পদত্যাগ করে দেশ ছেড়ে পালিয়ে গেলে সাংবিধানিক শূন্যতা সৃষ্টি হয়। সংবিধানের অনেক বিধান অকার্যকর হয়ে পড়ে। তখন জনগণের অভিপ্রায়ের প্রতিফলন এবং জাতীয় ঐকমত্যে অন্তর্বর্তী সরকার গঠিত হয়। এ সরকারের বৈধতার উৎস সংবিধানের অনুচ্ছেদ ৭এ বর্ণিত জনগণের অভিপ্রায়।’ তিনি আরও বলেন, গণহত্যার বিচার, রাষ্ট্র সংস্কার ও স্বৈরাচার ফিরে আসার সব পথ রুদ্ধ করতে বিভিন্ন সংস্কার কমিশন গঠিত হয়েছিল। এসব কমিশনের সুপারিশের ভিত্তিতে জাতীয় ঐকমত্য কমিশন ১৬৬টি প্রস্তাব আলোচনায় তোলে। দীর্ঘ আলোচনার পর ৮৪টি প্রস্তাব সিদ্ধান্ত আকারে গৃহীত হয়। তবে কয়েকটি বিষয়ে রাজনৈতিক দলগুলোর মধ্যে ভিন্নমত থাকায় সিদ্ধান্ত হয়নি। পরে সরকার জুলাই জাতীয় সনদ প্রণয়ন করে। এখন সনদের আইনগত ভিত্তি প্রতিষ্ঠা জরুরি, নইলে অভ্যুত্থান ব্যর্থ হবে। সংবাদ সম্মেলনে জামায়াতের সেক্রেটারি জেনারেল মিয়া গোলাম পরওয়ার, সহকারী সেক্রেটারি জেনারেল ড. হামিদুর রহমান আজাদ, আবদুল হালিমসহ কেন্দ্রীয় নেতারা উপস্থিত ছিলেন।

## অর্থোপেডিক চিকিৎসায় নতুন দিগন্ত

(শেষ পৃষ্টার পর)
কোনো কাঠামোর সঙ্গে শক্তভাবে লেগে থাকে, তা পর্যবেক্ষণ করে আমরা এই আঠার ধারণা পাই। এই আঠা রক্তের উপস্থিতিতেও নিখুঁতভাবে কাজ করতে পারে। গবেষকেরা দাবি করছেন, হাড়ের জন্য তৈরি বিশেষ আঠাটি ঐতিহ্যবাহী ধাতব ইমপ্লান্ট যেমন প্লেট ও স্ক্রুকে প্রতিস্থাপন করতে পারে। আঠার সবচেয়ে বড় সুবিধা হলো, হাড় জোড়া লাগার পর এটি প্রাকৃতিকভাবেই শরীরের সঙ্গে মিশে যায়। স্ক্রু বা অন্যান্য ইমপ্লান্ট সরালে অনেক সময় দ্বিতীয়বার অস্ত্রোপচারের প্রয়োজন পড়ে। এ ক্ষেত্রে তার প্রয়োজন হবে না। এই আঠা সংক্রমণের ঝুঁকিও কমাবে। এখন পর্যন্ত বোন ০২ আঠা ১৫০ জনের বেশি রোগীর ওপর সফলভাবে পরীক্ষা করা হয়েছে। পরীক্ষায় দেখা গেছে, আঠা দিয়ে জোড়া লাগানো হাড় ৪০০ পাউন্ডের বেশি চাপ সহ্য করতে পারে। ফলে ভাঙা হাড় জোড়া লাগানোর ক্ষেত্রে বেশ কার্যকর বলা যায় এই আঠা।

## ইসলামী দলগুলোর জোটবদ্ধ হওয়ার

(শেষ পৃষ্টার পর)
সংসদ নির্বাচনে অংশগ্রহণের উদ্যোগ এখন অনেকটাই কাছাকাছি। সোমবার (১৫ সেপ্টেম্বর) দুপুরে রাজধানীতে ইসলামী আন্দোলন বাংলাদেশের কেন্দ্রীয় কার্যালয়ে আয়োজিত সংবাদ সম্মেলনে যুগপৎ আন্দোলনের কর্মসূচি ঘোষণা করতে গিয়ে এ কথা বলেন তিনি। রেজাউল করীম বলেন, “ইসলামি দলগুলোর ব্যাপারে ৫ আগস্টের পরই আমরা জানিয়েছিলাম, একটি বাক্সে যাওয়ার ঘোষণা দিয়েছি। আলহামদুলিল্লাহ, আজ আমরা সেই বাস্তবতার কাছাকাছি চলে এসেছি। এ রকম পরিবেশ আল্লাহর রহমতে তৈরি হয়েছে।” তিনি আরও বলেন, যুগপৎ আন্দোলন কোনো নির্দিষ্ট দলের বিরুদ্ধে নয়। বরং ফ্যাসিবাদবিরোধী বিভিন্ন প্রতিনিধিত্বশীল রাজনৈতিক সংগঠন যৌথভাবে আলোচনার মাধ্যমে এই কর্মসূচি হাতে নিয়েছে। জুলাই মাসের রক্তপাতের দায়বোধ থেকেই সুনির্দিষ্ট কিছু দাবি নিয়ে রাজনৈতিকভাবে মাঠে থাকার সিদ্ধান্ত নেওয়া হয়েছে বলে জানান তিনি। নির্বাচন-পরবর্তী সংস্কার বাস্তবায়ন নিয়ে সংশয় প্রকাশ করে রেজাউল করীম বলেন, অতীতের অভিজ্ঞতায় দেখা গেছে নির্বাচনের আগে নানা দল সংস্কারের প্রতিশ্রুতি দিলেও পরে তা বাস্তবায়ন হয় না। তাই এবার নির্বাচনের পূর্বেই জুলাই সনদকে আইনিভাবে কার্যকর করতে হবে। তিনি বলেন, “যে কোনো গণঅভ্যুত্থানের সার্বভৌম এখতিয়ার থাকে। সেই ক্ষমতা অনুযায়ী জুলাই সনদ এই আমলেই বাস্তবায়ন করতে হবে এবং এর ভিত্তিতেই জাতীয় নির্বাচন আয়োজন করতে হবে। সাংবিধানিক আদেশ বা গণভোটের মাধ্যমে দ্রুত এই সনদকে আইনসম্মত রূপ দিতে হবে।” সংবাদ সম্মেলনে ইসলামী আন্দোলনের শীর্ষ নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

## পাকিস্তান ক্লাব পর্যায়ের ক্রিকেটও

(শেষ পৃষ্টার পর)
করুক, পাকিস্তান ১৩০ রানের বেশি করতে পারত না। সেটিই হয়েছে। এ পারফরম্যান্সকে হতাশাজনক বলা যাবে না, কারণ মান তো আরও নিচে।’ পাকিস্তানের হয়ে একমাত্র উজ্জ্বল দিক ছিলেন তরুণ স্পিনার সাইম আইয়ুব। তিনি ৩৫ রানে ৩ উইকেট নেন। তাকে প্রশংসা করে শোয়েব বলেন, ‘ভালো ব্যাপার হচ্ছে, সাইম আইয়ুবকে নতুন স্পিনার হিসেবে পেয়েছি আমরা। তবে এর বাইরে ইতিবাচক কিছু বলার নেই।’ তার বক্তব্য শুনে বিস্মিত মিসবাহ-উল-হক প্রশ্ন করেন, তিনি মজা করছেন কি না। হাসতে হাসতেই শোয়েব স্পষ্ট করেন, মোটেও মজা নয়, বরং পাকিস্তানি ক্রিকেটের বর্তমান চিত্রই প্রতিফলিত হয়েছে ম্যাচে। তিনি আরও বলেন, ‘অন্য দলগুলো যেখানে উঁচু স্তরের ক্রিকেট খেলছে, আমরা সেখানে ক্লাব পর্যায়ের ক্রিকেটও খেলতে পারছি না। এর মধ্য দিয়ে বোঝা যাচ্ছে আমাদের ক্রিকেটের মান কোথায় গিয়ে দাঁড়িয়েছে। কোনো কৌশল নেই, সিঙ্গেল নেওয়ার সামর্থ্য নেই, মানসম্পন্ন ব্যাটসম্যানও নেই।’ ভারতের রান তাড়ায় অভিষেক শর্মার ঝড়ো ইনিংস (১৩ বলে ৩১) দলকে এগিয়ে দেয়। পরে সূর্যকুমার যাদব (৪৭*) ও তিলক বর্মা (৩১) সহজেই লক্ষ্য পূরণ করেন। পাকিস্তান ক্রিকেটের বর্তমান ব্যর্থতায় শোয়েব আক্তারের কড়া সমালোচনা নতুন করে আলোচনায় এনেছে দেশটির ক্রিকেট কাঠামোর দুর্বলতাকে।

## ‘ঢাকায় আর বন্ধুত্বপূর্ণ সরকারের


(শেষ পৃষ্টার পর)
সবচেয়ে খারাপ পরিস্থিতির জন্য প্রস্তুত থাকতে হবে। এনডিটিভিতে প্রকাশিত এক নিবন্ধে থারুর এসব মন্তব্য করেন। থারুর লেখেন, ঢাকা বিশ্ববিদ্যালয়ের এই নির্বাচনকে সাধারণ ছাত্র সংসদের প্রতিযোগিতা হিসেবে দেখলে বড় ভুল হবে। ঐতিহাসিকভাবে ডাকসু বাংলাদেশের রাজনীতির ভবিষ্যৎ গতিপথ বোঝার একটি গুরুত্বপূর্ণ সূচক। ১৯৭১ সালের পর এই প্রথম কোনো ইসলামপন্থী ছাত্র সংগঠনের এমন সাফল্যকে তিনি ভারতের জন্য এক ‘অশনি সংকেত’ এবং ‘রাজনৈতিক ভূমিকম্প’ বলে আখ্যায়িত করেন। তার মতে, এর কম্পন ভারতের সীমান্তেও পৌঁছাতে পারে। কংগ্রেস নেতা মনে করেন, জামায়াতপন্থী ছাত্র সংগঠনের এই বিজয় ইসলামি মৌলবাদের প্রতি সমর্থনের চেয়েও বেশি কিছু। এটি আসলে দেশের দুই প্রধান রাজনৈতিক শক্তিড় আওয়ামী লীগ ও বিএনপির প্রতি জনগণের দীর্ঘদিনের পুঞ্জীভূত হতাশারই প্রতিফলন। দশকের পর দশক ধরে চলা দুর্নীতি, স্বজনপ্রীতি ও সহিংসতার কারণে সাধারণ মানুষ তাদের ওপর থেকে আস্থা

# ভিকি জাহেদের ফিকশনে তৌসিফ-সাদিয়া

বিনোদন ডেস্ক

সাসপেন্স, মিস্ট্রি বা থ্রিলারের জমজমাট গল্প নিয়ে ফিকশন নির্মানে এ দেশে ভিকি জাহেদের জুড়ি মেলা ভার। এবারও কি তাই হতে যাচ্ছে? চরকিতে আসছে এই নির্মাতার নতুন ফিকশন ‘অন্ধ বালক’। আর এতে নায়ক-নায়িকা হিসেবে আছেন সময়ের জনপ্রিয় দুই তারকা তৌসিফ মাহবুব ও সাদিয়া আয়মান। তবে তৌসিফ-সাদিয়াকে নিয়েও কী ভিকি থ্রিলার নিয়ে আসছেন? আগের মতো করে ভাবলে হয়তো হবে না। গল্পের ধরন আর নির্মাতার ব্যাখ্যায় তেমনটাই মনে হতে পারে দর্শকে। ভিকি জানান, ‘অন্ধ বালক’ লেখা নাজিম-উদ-দৌলার। এ গল্পে প্রেম আছে, প্রেমের পরিণতিও আছে। কিন্তু সেই পরিণতিতে পৌঁছাতে অন্যরকম পথে হাঁটতে হয় চরিত্রদের। এখানে ভাগ্য, ভবিষ্যৎ বাণীর মতো বিশ্বাস-অবিশ্বাসের দোলাচল রয়েছে।
‘অন্ধ বালক’-এর শুটিংয়ে তৌসিফ মাহবুব, সাদিয়া আয়মান ও ভিকি জাহেদ ভিকি জাহেদ বলেন, ‘‘ঢাকার বিভিন্ন লোকেশনে ‘অন্ধ বালক’-এর শুটিং হয়েছে। নাজিম-উদ-দৌলা ভাইয়ের গল্পটা বেশ ইন্টারেস্টিং। শর্টফিল্ম থেকেই আমার উত্থান। তাই স্বভাবতই চরকির ফ্ল্যাশ ফিকশন প্রজেক্টের প্রতি আগ্রহী হই। আমার বিশ্বাস দর্শক একটা ভিন্ন স্বাদের গল্প দেখতে পারবেন।’
‘অন্ধ বালক’ ফ্ল্যাশ ফিকশনে তৌসিফের চরিত্রের নাম অর্ক, আর দিনা চরিত্রে অভিনয় করেছেন সাদিয়া আয়মান। ভালোবাসায় মত্ত দুই তরুণ-তরুণী। কিন্তু হঠাৎ করেই তাদের ভালোবাসায় ফাটল ধরে। দুজনের মাঝে চলে আসে এক অন্ধ বালকের প্রসঙ্গ। দিনার বিশ্বাস এই ফাটলকে আরও গভীর করে তুলতে থাকে।
সাদিয়া আয়মান জানান, কাজটি গত বছর করেছিলেন এবং ভিকি জাহেদের পরিচালনায় এটিই তার প্রথম কাজ। কনটেন্টটি নিয়ে সাদিয়া আয়মান বলেন, ‘এই কনটেন্টের কিছুই এখনও দেখার সুযোগ হয়নি আমার। তবে তৌসিফ ভাই জানিয়েছে, আমার কাজ নাকি খুব ভালো হয়েছে।’



ভাস্কর ডেন্টাল সার্জারী
টি এন্ডটি রোর্ড,এশিয়ানেট মোড়, বড়বাজার , মেহেরপুর

ডি,এন ভাস্কর (মানস)
(ডেন্টাল টেকনোলজিস্ট)
ডিএমডিটি (ঢাকা) এমএফটি (ডেন্টাল),
খুলনা মেডিকেল কলেজ হাসপাতাল
রোগী দেখার সময় :
সকাল : ৯টা – দুপুর ২টা, বিকাল : ৫টা – রাত ৯টা
(প্রতিদিন খোলা)
০১৬৭১-৫৮৫২৩২, ০১৯২০-৬৯৪৫৩২
অত্যাধুনিক যন্ত্রপাতি জীবাণুমুক্ত পরিবেশসহ দাঁতের চিকিৎসা করা হয়। রুট ক্যানেল , কসমেটিক ফিলিং দাঁত তোলা সহ সকল প্রকার দাঁতের চিকিৎসা করা হয়।

কাফুর
ড্রিংকিং ওয়াটার
বিশুদ্ধ পানির বিশ্বস্ত নাম



হোটেল বাজার,
যাদবপুর রোড, মেহেরপুর
বিনামূল্যে হোম ডেলিভারি সুবিধা!
সরাসরি ঘরে পৌঁছে দিন বিশুদ্ধ পানির নিশ্চয়তা
✅ RO ফিল্টার প্রযুক্তিতে বিশুদ্ধকর
✅ স্বাস্থ্যসম্মত বোতল
✅ দ্রুত সরবরাহ
📌 আজই অর্ডার করুন!
ডেলিভারি হটলাইন:
০১৯২৩-১২১২৯১
০১৯২৩-১২১২৯৮
অফিস যোগাযোগ: ০১৯২৩-১৩১৩৫৪

নাজ জুয়েলার্স
হাইস্কুল রোড, গাংনী বাজার, মেহেরপুর

বিশেষ অফার
◆ ২১ কে ও ২২ কে স্বর্ণের গহনাগুলো
✅ গ্যারান্টি সহকারে
✅ অনন্য ডিজাইন
✅ সেরা মানের স্বর্ণ
আজই আসুন ও আপনার স্বপ্নের গহনা নির্বাচন করুন!
✨ নাজ জুয়েলার্স – মান ও সৌন্দর্যের প্রতিশ্রুতি ✨
প্রোপাইটার: হাজি মোঃ জাহিদুল আলম
মোবাইল: ০১৯২৩-৮৬২৮৬৯ | ০১৭১৮-৫৬০৩৬৮

রবিউল ইসলাম মেমোরিয়াল হাসপাতাল
গাংনী হাসপাতাল বাজার, গাংনী, মেহেরপুর।
মোবাইল ০১৭৬৬-৪৮৭৪০৯, ০১৭৬৮-৩৭৭১৯১, ০১৭৪০-৩৮৮৭৮৯
যে সকল ডাক্তারগণ নিয়মিত সেবা প্রদান করছেন
ডাঃ বি ডি দাস (পিকলু)
এম. বি. বি. এ. বি. সি. এস (স্বাস্থ্য), সি. এস. ইউ (আল্ট্রাসনো )
বাত ব্যাথ্যা, শিরা ও সার্জারী রোগের চিকিৎসক।
রোগী দেখার সময় : প্রতিদিন বেলা ২ টা হতে সন্ধ্যা ৭ টা।
ডা. মো: আব্দুল আল মারুফ
এমবিবিএস (রাজ) বিসিএস স্বাস্থ্য,এফসিপিএস(শিশু) শেষ পর্ব, এমএস শিশু. সার্জরী কোর্স বিএসএমএম ইউ, সিসিডি বার্ডেম, পিজিপিএন, শিশু পুস্টি ( বোস্টান ইউনিভৃরসিটি আমেরিকা)
রোগী দেখার সময় : প্রতি বৃহস্পতিবার দুপুর ৩টা থেকে সন্ধ্যা ৬ টা
ডাঃ ইসরাত জেরিন ইভা
এম. বি. বি. এস. পি. জি. টি (গাইনী অ্যান্ড অবস্) , সি. এম. ইউ (আল্ট্রা)
গাইনী প্রসুতি মেডিসিন রোগের চিকিৎস, ( আবাসিক মেডিকেল অফিসার)
রোগী দেখার সময় : প্রতিদিন সকাল ১০ টা হতে বিকাল ৫ টা।
পুস্টিবিদ: তরিকুল ইসলাম
বিপিএচি(নিউট্রিশন).এমপি এইচ(নিউট্রিশন), সিএমইউ এন্ড ডিএমইউ (আল্ট্রা), ডিপ্লমা ইন মেডিকেল ফ্যাকালটি, পুষ্টি বিশেষজ্ঞ
আমাদের সেবাসুমহ : বিষেষজ্ঞ চিকিৎসকের পরামর্শ, কম্পিউটারাইজড প্যাথলজী, ডিজিটাল আলট্রাসনোগ্রাফী,হরমোন পরীক্ষা, ইসিজি এক্স-রে ও স্বল্প খরছে অপারেশন করা হয়

নিউ এভারকেয়ার নার্সিং হোম
চক্রপাড়া মোড়, হুদা হেলথ কেয়ারের ২য় তলা
ওয়াবদা রোড, মেহেরপুর
**হট লাইন:** ০১৭৬৩-৬৪৬৬০৩
**ব্যবস্থাপনা পরিচালক:** ০১৭৪৩-৯০৪৩৩৬
**ম্যানেজার (শিমুল):** ০১৩০৪-১৫৬০৮৮৮
**রিসেপশন:** ০১৩০৪-১৫৬০৮৮৮
বিশেষজ্ঞ ডাক্তারবৃন্দ
ডা. সুরাইয়া মারমিন (পুস্প)
এম.বি.বি.এস (ডিএমসি), বি.সি.এস (স্বাস্থ্য) এফ.সি.পি.এস (গাইনী ও অবস), ডি আল্ট্রা প্রসূতি ও নারী রোগ বিশেষজ্ঞ ও সার্জন।
ডা. মোঃ ফজলুর রহমান
এম.বি.বি.এস (স্বাস্থ্য), এম.এস জেনারেল (সার্জারী) , কনসালট্যান্ট (সার্জারী), ২৫০ শয্যা জেনারেল হাসপাতাল, মেহেরপুর।
ডা. পারভীন আখতার
জুনিয়ার কনসালট্যান্ট (গাইনী ও অবস) উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা ।
ডা. মোঃ সউদ কবীর
এম.বি.বি.এস, বি.সি.এস (স্বাস্থ্য), ডি-অর্থ (এফপি) ২৫০ শয্যা জেনারেল হাসপাতাল, মেহেরপুর।
ডা. অলোক কুমার দাস
এম.ডি (নোরেল মেডিসিন), রাশিয়া , এম.পি.এইচ (বিডি), বিসিএস (স্বাস্থ্য), এমও বিটি . ২৫০ শয্যা জেনারেল হাসপাতাল, মেহেরপুর ।
**আমাদের সেবাসমূহ**
✅ প্রাইভেট ও সাধারণ রোগী সেবা . ✅ প্রসূতি ও নারী স্বাস্থ্য ,
✅ সার্জারি ও সাধারণ চিকিৎসা ✅ উন্নত ও বন্ধুত্বপূর্ণ পরিবেশ

নিউ মনা জুয়েলার্স

অলংকার জগতের নির্ভরযোগ্য প্রতিষ্ঠান
সাউদিয়া টাওয়ার, কাঁশারী বাজার, মেহেরপুর।
✨ আধুনিক ডিজাইনের স্বর্ণ, রূপা ও হীরার গহনা।
✨ বিশুদ্ধতা ও গুণগত মানে আপসহীন ও অপ্রতিদ্বন্দ্বি
✨ আস্থার সাথে অলংকার কেনা- বেচার নির্ভরযোগ্য ঠিকানা
প্রোপাইটার : হামিদুল ইসলাম
পরিচালনায় : মোস্তাফিজুর রহমান মনা
যোগাযোগ : ০১৭১৬-৫৭০৮৯৩, ০১৯১৯-৫৭০৮৯৩

বিসমিল্লাহ্ ফামেসী
প্রোঃ মোঃ আমিনুল ইসলাম সেন্টু

সকল প্রকার দেশ-বিদেশী ঔষধ সুলভ মূল্যে খুচরা ও পাইকারী বিক্রেতা
ট্রাফিক মোড় হোটেলবাজার,মেহেরপুর
মোবাইল : ০১৭১৮-৪৩৩৩৮৬

ত্রয়ী স্টোর এন্ড বুটিকস
স্টাইলে থাকুন, ট্রাডিশনে ফিরুন!
শাড়ি হোক বা সালোয়ার কামিজ, ওয়েস্টার্ন টপ হোক কিংবা হ্যান্ডলুম কুর্তি– ত্রয়ী তে পাওয়া যায় ট্রাডিশন আর ট্রেন্ডের এক অনন্য মিশেল!
✓ এক্সক্লুসিভ বুটিক পোশাক
✓ হাতে তৈরি দেশি জামাকাপড়
✓ দেশি-বিদেশী কসমেটিকস
✓ কুকারিজ আইটেম
✓ ইউনিক গিফট আইটেম
✓ কাস্টম ডিজাইন ও অর্ডার সুবিধা

ফ্যাশনের সাথে আপনিও বদলান, নিজের মতন স্টাইলে
কেএন সুপার মার্কেট, প্রধান সড়ক, বড়বাজার, মেহেরপুর
মোবাইল: ০১৭১৪-৫২০০৬৭ / ০১৯১৯৬০০৭৯৫

রাবেয়া মেডিকেল সার্ভিসেস
(কমপ্লিট মেডিকেল সলিউশন অন জেনারেল হাসপাতাল গেট, মেহেরপুর।
আমাদের সেবা সমূহ ইসিজি (ECG) , সেরোলজি,কাসকপি, ক্লোনসকপি.ক্লিনিক্যাল প্যাথলজি.বিশেষজ্ঞ ডাক্তার চেম্বার,ডিজিটাল আল্ট্রাসনোগ্রাফি,সর্বাধুনিক ডিজিটাল এক্স-রে,হেমাটোলজি (সেল কাউন্টার ৫ পার্ট),বায়োকেমিস্ট্রি (অটো অ্যানালাইজড),হরমোন অ্যানালাইসিস (অটো অ্যানালাইজড), ইলেক্ট্রোলাইটস (অটো অ্যানালাইজড), ইকো-কার্ডিওগ্রাফি ( 4D & 2D)
সিরিয়ালের জন্য যোগাযোগ: রিসিপশন: 01754974466, 01724-787313
মার্কেটিং অফিসার: 01304-100307, 01304-100308
ডা. মোঃ আলাউদ্দিন আল-আজাদ
অর্থোপেডিক সার্জারি, এমবিবিএস, ডি-অর্থো (সার্জারি), প্রাক্তন সার্জন, পঙ্গু হাসপাতাল ঢাকা
শনি-বৃহস্পতিবার, বিকেল ৪টা–সন্ধ্যা ৬.৩০
সহকারী অধ্যাপক ডা. বিপুল কুমার
গাইনী ও প্রসূতি: এমবিবিএস, ডিজিও, এফসিপিএস (গাইনী ও অবস) প্রতিদিন বিকেল ৪টা–রাত ৮টা, শুক্রবার সকাল ৮টা–দুপুর ২টা
ডা. মোঃ ইয়ানুর হোসেন
মেডিসিন ও কার্ডিওলজি,এমবিবিএস (ডিএমসি), বিসিএস (স্বাস্থ্য), এফসিপিএস (মেডিসিন), এমডি (কার্ডিওলজি), কনসালটেন্ট, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল বৃহস্পতিবার বিকেল ৩টা–রাত ৮টা শুক্রবার সকাল ৮টা–রাত ৮টা
ডাঃ মোঃ আবুল কাশেম
ইএনটি (কান, নাক ও গলা)এমবিবিএস (ঢাকা), বিসিএস (স্বাস্থ্য), এফসিপিএস (ইএনটি), ফেলোশিপ ইন মাইক্রো ইয়ার সার্জারি (চেন্নাই, ইন্ডিয়া) বৃহস্পতিবার বিকেল ৩টা–রাত ৮টা, শুক্রবার সকাল ৮টা–রাত ৮টা
সহকারী অধ্যাপক
ডাঃ মোঃ মাহবুবুল আলম (বিপ্লব)
চক্ষু বিশেষজ্ঞম,,এমবিবিএস (ঢাকা), এফসিপিএস (চক্ষু) শুক্রবার সকাল ১০টা–দুপুর ১টা
ডাঃ মোঃ রোকনুজ্জামান
চর্ম ও যৌন রোগ,এমবিবিএস, এফসিপিএস শেষ পর্ব (স্কিন এন্ড ভিডি), সিসিজিপি (ডিএমসি) বৃহস্পতিবার সকাল ৮টা–১১টা
সহকারী অধ্যাপক ডাঃ মোঃ এমরানুল ইসলাম (আবির)
শিশু সার্জারি,এমবিবিএস (ডিএমসি), এমএস (শিশু সার্জারি), কুষ্টিয়া মেডিকেল কলেজ,। প্রতিদিন বিকেল ৪টা–রাত ৮টা শুক্রবার সকাল ৮টা–রাত ৮টা
ডাঃ মাহবুবা তাজমিলা
শিশু বিশেষজ্ঞ,এমবিবিএস (ঢাকা), এফসিপিএস (শিশু) শনিবার ও মঙ্গলবার দুপুর ২.৩০–বিকেল ৫টা।
ডা. এম এম কবির শাওন
এ্যাজমা ও আল্ট্রাসাউন্ড,এমবিবিএস, ডিএলপি (এ্যাজমা), ডিএমইউ (আল্ট্রাসাউন্ড) প্রতিদিন সকাল ১০টা–দুপুর ২টা, বিকেল ৪টা–রাত ৮টা.
ডা. মেহেদী হাসান জনি
ইউরোলজি,এমবিবিএস (ঢাকা), এমএস (ইউরোলজি), কুষ্টিয়া মেডিকেল কলেজ। শুক্রবার সকাল ৯টা–দুপুর ১টা
সহকারী অধ্যাপক
ডা. মোঃ আরিফুল ইসলাম
সার্জারি ও ল্যাপারোস্কপি,এমবিবিএস (ঢাকা), এফসিপিএস (সার্জারি), কুষ্টিয়া মেডিকেল কলেজ মাসের প্রথম সোমবার দুপুর ২টা–বিকাল ৫টা
ডা. মোঃ সফিউল আলম
জেনারেল ও ল্যাপারোস্কপিক সার্জারি,এমবিবিএস, এফসিপিএস (সার্জারি), সহকারী অধ্যাপক, আর্মি মেডিকেল কলেজ, যশোর। শুক্রবার সকাল ৯টা–বিকেল ৫টা

আল হায়াত ডায়াগনস্টিক সেন্টার
চক্রপাড়া মোড়, হাসপাতাল রোড, মেহেরপুর।।
সিরিয়াল: ০১৭২২-৭৭৯৫৫০, ০১৭৫৫-৭০৬৪৬৪
ডাঃ আসাদুল্লাহ-আল-গালবি
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য) এফসিপিএস- মেডিসিন (ফাইনাল পার্ট) মেডিসিন,ডায়াবেটিস, উচ্চরক্তচাপ, হাপানি, কোমর ব্যথা ও বাত ব্যথা বিষয়ে অভিজ্ঞ মেডিকেল অফিসার : রাজশাহী মেডিকেল কলেজ।
রোগী দেখেন : প্রতি শুক্রবার সকাল ৯টা থেকে বিকাল ৪টা
ডাঃএম. এম. জাহিদুল ইসলাম
উচ্চ রক্তচাপ, বাতব্যাথা, কোমর ব্যাথা, বাতজ্বর ,হাড় ব্যাথা, হাঁপানি. ডায়াবেটিক ঘা এবং না শুকানো ক্ষত ও পি আর পি চিকিৎসক।
রোগী দেখেন : শনি থেকে বুধবার দুপুর ২টা থেকে সন্ধ্যা ৬টা
ডাঃ আব্দুল্লাহ আল রশিদ
চর্ম ও যৌন রোগে অভিজ্ঞ
এমবিবিএস (শহীদ জিয়াউর রহমান মেডিকেল কলেজ), বিসিএস (স্বাস্থ্য) সিসিডি (বারডেম), সিএমইউ (আল্ট্রা) সহকারী রেজিস্টার, চর্ম ও যৌন বিভাগ কুষ্টিয়া মেডিকেল কলেজ।
রোগী দেখেন : প্রতি সোমবার দুপুর ২.৩০ টা থেকে বিকাল ৫ টা
ডাঃ সাজিয়া আফরিন
গাইনী, প্রসুতি, স্ত্রী রোগের চিকিৎসক ও সার্জন
এমবিবিএস (ডিইউ) সিসিডি (বারডেম) ডিএমইউ (সনোলজি) ডিজিও (কোর্স- গাইনী এন্ড অবস্) গাইনী(স্ত্রী রোগ) ও প্রসুতি বিদ্যা চিকিৎসক এবং সার্জন
রোগী দেখেন : প্রতি বৃহস্পতিবার বিকাল ৫ টা থেকে রাত ৮ টা পর্যন্ত, প্রতি শুক্রবার সকাল ১০ টা থেকে রাত ৮ টা পর্যন্ত

নিউ স্কায়ার ল্যাব
ওয়াবদা মোড়, হাসপাতাল রোড,মেহেরপুর।
সিরিয়ালের জন্য মোবাইল নম্বর : ০১৮৫৮-৯৫৬৯৩৩
ডাঃ মোঃ মাহাফুজুল হক সরকার
মেডিসিন, নিউরো,বক্ষব্যাধি,ডায়াবেটিস,গ্যাস্টলিভার,ব্যাতব্যাথা ও মনোরোগ চিকিৎসক
এমবিবিএস(আরইউ),ডিএফএম(বিসিএমইউ),এফসিপিএস পার্ট- ১, পিজিটি(মেডিসিন), সিসিডি(বারডেম),
রুগী দেখেন : প্রতি শুক্রবার সকাল ৯ টা হইতে সন্ধ্যা ৬ টা পর্যন্ত
ডাঃ মোঃ রবিউল ইসলাম আবির
মেডিসিন, হৃদরোগ, উচ্চ রক্ত চাপ,ব্যাত ব্যাথা, ডায়াবেটিস,লিভার ও জন্ডিস রোগ চিকিৎসক
এমবিবিএস(ঢাকা) সিসিড বারডেম, সিএমইউ(আল্ট্রা)
রুগী দেখেন :প্রতিদিন সকাল ১০ টা হইতে দুপুর ২টা, বিকাল ৩ ট হতে রাত্রী ৮ টা।
ডাঃ তাসমেরী নাহার
স্ত্রী, প্রসূতি ও গাইনী রোগ চিকিৎসক , এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য)
রুগী দেখেন : প্রতিদিন বিকাল ৩ টা হইতে রাত্রী ৮ টা।
ডা: সেজুঁতি মেহেতোজ
নি:সন্তান, বন্ধ্যাত্ব,গর্ভকালীন বিভিন্ন সমস্যা, শিশু ও গাইনী রোগের চিকিৎসক
এমবিবিএস(রাজশাহী),বিসিএস (স্বাস্থ্য)
রুগী দেখেন: প্রতিদিন বিকাল ৩ টা হইতে রাত্রী ৮ টা।
ডাঃ ফরহাদ পারভেজ
মেডিসিন, বাতজ্বর,উচ্চ রক্তচাপ, ব্যাত ব্যাথা রোগের চিকিৎসক
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য)
রুগী দেখেন: প্রতিদিন বিকাল ৩ টা হইতে রাত্রী ৮ টা।

হৃদয়ে লাল সবুজ
আমাদের সূর্যোদয়

মেহেরপুর, মঙ্গলবার, ১৬ সেপ্টেম্বর ২০২৫ ইং

## বিচারে স্বচ্ছতা ও গতির নজির মেহেরপুর আদালতে

মেহেরপুর চীফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আদালত দেশের বিচার ব্যবস্থায় এক বিরল দৃষ্টান্ত স্থাপন করেছে। মাত্র আট মাসে ৪৪৫টি মামলা নিষ্পত্তি এবং ৯৩৬ জন সাক্ষীর সাক্ষ্য গ্রহণ নিঃসন্দেহে একটি রেকর্ড। দীর্ঘদিনের মামলার জট, সাক্ষী অনুপস্থিতি ও ধীরগতি আমাদের বিচার ব্যবস্থাকে জর্জরিত করে রেখেছিল। সেই প্রেক্ষাপটে চীফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট শাহজাহান আলীর কঠোর নীতি ও মানবিক দৃষ্টিভঙ্গি মানুষকে আবারও ন্যায়বিচারের ভরসা ফিরিয়ে দিচ্ছে। একসময় সাক্ষী এলে তাকে ঘুরিয়ে দেওয়া হতো, মামলার তারিখ পেছাতো। এতে বিচারপ্রার্থীরা হতাশ হতেন, এবং আদালতের প্রতি মানুষের আস্থা কমে যেত। এখন পরিস্থিতি ভিন্ন। যত রাতই হোক, আদালত সাক্ষী জেরার কাজ শেষ না করে ওঠেন নাড়এমন অঙ্গীকার বিচার প্রক্রিয়ায় নতুন মাত্রা যোগ করেছে। ফলে বিচারপ্রার্থীরা যেমন আশ্বস্ত, তেমনি আইনজীবী ও সরকারি কর্মকর্তারাও নিজেদের ভূমিকা নিয়ে গর্বিত। আইনের শাসন প্রতিষ্ঠায় শুধু আইন নয়, বিচারকের সদিচ্ছা ও আন্তরিকতাও গুরুত্বপূর্ণ। মেহেরপুর আদালতের এই সাফল্য প্রমাণ করেছে যে, সমন্বিত প্রচেষ্টা, দৃঢ়তা এবং দায়বদ্ধতা থাকলে বিচারপ্রক্রিয়ায় গতি আনা সম্ভব। এর ফলেই আদালতের প্রতি মানুষের আস্থা ফিরে এসেছে, আর দ্রুত বিচার বাস্তবে রূপ নিয়েছে। আমরা মনে করি, মেহেরপুরের এই অভিজ্ঞতা দেশের অন্যান্য আদালতের জন্যও প্রেরণার উৎস হওয়া উচিত। বিচার প্রক্রিয়ায় স্বচ্ছতা, সময়ানুবর্তিতা এবং জবাবদিহিতা নিশ্চিত হলে ন্যায়বিচার আর অধরা থাকবে না।
বিচার বিভাগের এই ইতিবাচক অগ্রযাত্রা অব্যাহত থাকুক এটাই আমাদের প্রত্যাশা।

## আসুন পণ্য ভিত্তিক ব্যবসা নয় : সেবা ভিত্তিক ব্যবসা নিয়ে ভাবতে শিখি

ড. নাসরীন সুলতানা চৌধুরী

সেদিন একজন বয়স্ক অসুস্থ্য আত্মীয়াকে দেখতে গিয়েছিলাম। আমার এই আত্মীয়ার বয়স ৮৫ এর মত। পড়ে গিয়ে ব্যথা পেয়েছিলেন। অস্ত্রোপচার করা হয়েছে কোমরে, অপারেশন সাকসেসফুল। ডাক্তারের পরামর্শ অনুযায়ী হাঁটাতে হবে রোগীকে। রোগীর সেবা ও দেখাশোনার লোকের অভাব। রোগীর কয়েকজন সন্তান আছেন। জীবন ও জীবিকার প্রয়োজনে তারা একেকজন একেক জায়গায় বসবাস করছেন। ইচ্ছা থাকা সত্ত্বেও সন্তানদের পক্ষে প্রতিদিন দেকভাল করা সম্ভব না। আমার এই আত্নীয়ার মত বাংলাদেশে অসংখ্য রোগী আছেন যাদের অসুস্থ্যতার কারণে অন্যের সাহায্য ছাড়া ওঠা- বসা, খাওয়া, দাওয়া, গোসল, টয়লেট ইত্যাদি দৈনন্দিন কাজগুলো করতে পারেন না। আবার পরিবারের এমন কোন সদস্য নেই যে সার্বক্ষণিক তার দেখাশোনা করতে পারে। অগত্যা তাদের অর্থের বিনিময়ে এই কাজগুলো করাতে হয় অন্য কাউকে দিয়ে।
এই রকম অসংখ্য রোগী আছেন যারা এই রকম একজন সাহায্যকারীর অভাবে অত্যন্ত অসহায়ভাবে জীবন অতিবাহিত করছেন। আমাদের দেশে ২/১টি বেসরকারী, ব্যক্তিগত পর্যায়ের প্রতিষ্ঠান আছে যারা এই ধরনের লোকবল প্রোভাইড করে থাকে। এই ধরনের প্রতিষ্ঠান আরও হওয়া প্রয়োজন। দীর্ঘ মেয়াদী রোগ বা ক্রনিক ডিজিজ এর প্যাশেন্ট সংখ্যা আমাদের দেশে বেড়েই চলেছে । আমাদের পরের প্রজন্মদের ভাইবোনের সংখ্যা ১ বা ২ জন। তার মধ্যে অনেকের সন্তানই বিদেশে অবস্থান করছে। আমাদের বর্তমান সমাজে একক পরিবারের প্রাধান্যই বেশি। তাই ভবিষ্যতে অসুখ, বিসুখে সেবা শুশ্রূষার লোকের অভাব আরও প্রকট হবে। অনেকেই বাড়িতে এই ধরণের রোগীদের দেকভালের দায়িত্ব দিয়ে দেন বিনা বাক্য ব্যয়ে বা চিন্তা না করেই, পরের বাড়ি থেকে আসা মেয়েটি অর্থাৎ বাড়ির ছেলের বৌ এর উপর। এই ধরনের ক্রনিক রোগাক্রান্ত ব্যক্তি যাদের চলতে ফিরতে অন্যের সাহায্যের প্রয়োজন পড়ে, তাদেরকে ঘিরে পরিবারে অশান্তি সৃষ্টি হয়। এই বিষয়টি রোগাক্রান্ত ব্যক্তিটি যখন অনুধাবন করেন তখন রোগীটির জীবন আরও বিষময় হয়ে পড়ে। আমাদের দেশের মত বেকার সমস্যায় জর্জরিত দেশে টাকার বিনিময়ে পেশা হিসাবে এই কাজকে অনেকেই বেছে নিতে আগ্রহী হবে। এই কাজের জন্য তাদের সামান্য ট্রেনিং দিয়ে দক্ষ করে তোলা সম্ভব। এতে করে কর্মসংস্হান তৈরির সাথে সাথে এই ধরণের রোগী ও রোগীর পরিবারের সদস্যরাও কিছুটা স্বস্তির নিঃশ্বাস ফেলতে পারবে। এই ধরণের সেবামুলক প্রতিষ্ঠান তৈরি করতে তরুণ নতুন উদ্যোক্তাদের সাথে, প্রতিষ্ঠিত ব্যবসায়ীরাও এগিয়ে আসতে পারেন। আসুন, এই ধরণের মহৎ ও উদারপন্থী ব্যবসায়ীরা এই রকম সেবাদান করার মত লোকবল বা কেয়ার গিভার তৈরী করে, এই ধরণের ব্যবসা পরিচালনা করতে ও এই জীবন ঘনিষ্ঠ সামাজিক সমস্যাটি নিয়ে ভাবতে শিখি।( লেখক ও গবেষক, বনানী, ঢাকা।)

## পাপমুক্ত জীবনযাপনে অনন্ত পুরস্কার

সাদিক হোসাইন

তখনকার আরবে নারীর কোনো সম্মান-ইজ্জত ছিল না বললেই চলে। সেই দূষিত পরিবেশে একজন নারীকে সর্বোচ্চ সম্মান দেওয়া এবং নিজেকে নিষ্পাপ রাখার এমন দৃষ্টান্ত ইতিহাসে বিরল। আরবের সাহসী ও প্রাজ্ঞ নারী উম্মে সালামা (রা.) এর মুখেই আমরা শুনি এক অনন্য ঘটনা।উম্মে সালামা (রা.) বলেন, 'আমার স্বামী আবু সালামা হিজরতের জন্য মদিনায় চলে গেলে আমাকে ও আমার সন্তানকে মক্কায় আটকে রাখা হলো। প্রায় এক বছর আমি বিচ্ছিন্ন অবস্থায় কেঁদেছি। পরে যখন অনুমতি পেলাম, সন্তানকে কোলে নিয়ে একাই রওনা হলাম মদিনার পথে। মক্কা থেকে কিছু দূরে তানঈমে পৌঁছালে সামনে পড়লেন উসমান ইবনে তালহা (তখনো মুশরিক)। তিনি জিজ্ঞেস করলেন, "কোথায় যাচ্ছ?" আমি বললাম, "মদিনায়, স্বামীর কাছে।" তিনি বললেন, "আল্লাহর কসম! এভাবে একা তোমাকে যেতে দেওয়া যায় না। আমি পৌঁছে দেব।" এরপর পুরো যাত্রাপথে তিনি আমার উটের লাগাম ধরে হাঁটলেন। প্রতিটি বিরতিতে দূরে সরে যেতেন, যেন পর্দা ও মর্যাদা অটুট থাকে। এভাবে ১০-১২ দিন পথ পাড়ি দিয়ে তিনি আমাকে মদিনা পৌঁছে দিয়ে ফিরে গেলেন মক্কায়।' উম্মে সালামা (রা.) আবেগভরে বলেন, "আল্লাহর কসম! তাঁর চেয়ে মর্যাদাপূর্ণ ও সম্ভ্রান্ত আরবকে আমি দেখিনি।" উসমান ইবনে তালহা (রা.) পরে ইসলাম গ্রহণ করেন। তাঁর হাতেই আল্লাহর রাসুল (সা.) কাবার চাবি অর্পণ করেন এবং ঘোষণা করেন, "এ চাবি তোমাদের কাছেই থাকবে কিয়ামত পর্যন্ত।" ড. ইয়াসির কাদি বলেন, 'ভাবুন! অন্তত ১০ দিন এক গায়রে মাহরাম নারীর সঙ্গে পথ চলতে হয়েছে। তবুও তিনি নিজের চরিত্রকে কলুষিত করেননি; বরং এমন মহত্ত্বের দৃষ্টান্ত রেখেছেন, যা ইতিহাসের পাতায় অমর হয়ে আছে।' এটাই হলো নিষ্পাপ যৌবনের অনন্ত পুরস্কার। আল্লাহ যাদের অন্তরকে পবিত্র রাখেন, তিনি তাদেরকে পৃথিবী ও পরকালে দ্বিগুণ সম্মান দান করেন।

### মেহেরপুরে আগাম জাতের সিম চাষে

(প্রথম পৃষ্টার পর)
হাজার টাকার সিম বিক্রির আশা করছেন তিনি। রাকিব হোসেন জানান, "আগাম জাতের সিম বাজারে তুলনামূলক ভালো দামে বিক্রি হচ্ছে। খরচ উঠেই যাচ্ছে, আর লাভও হচ্ছে। আবহাওয়া ও সময় অনুকূলে থাকায় এবার ফলনও বেশ ভালো হয়েছে।" একই গ্রামের আরেক কৃষক কেরামত হোসেন বলেন, "মৌসুমের শুরুতে বাজারে সিমের চাহিদা অনেক বেশি থাকে। তাই দামও ভালো পাওয়া যাচ্ছে। তবে সার ও কীটনাশকের দাম অনেক বেড়ে যাওয়ায় কিছুটা সমস্যায় পড়তে হচ্ছে।" মেহেরপুর জেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ-পরিচালক শামসুল আলম বলেন, "এবার আবহাওয়া অনুকূলে থাকায় আগাম জাতের শীতকালীন সবজির উৎপাদন ভালো হয়েছে। বিশেষ করে আগাম সিম চাষে কৃষকরা ভালো দাম পাচ্ছেন। আমরা কৃষকদের পরামর্শ দিচ্ছি কীটনাশকের সঠিক ব্যবহার, জৈব সার প্রয়োগ এবং আধুনিক কৃষি প্রযুক্তি অনুসরণ করতে।"

### ক্ষতির মুখে মেহেরপুরের শত শত কৃষক

(প্রথম পৃষ্টার পর)
আমন ধান। চাষী আবুল কাশেম বলেন, প্রায় ২০ বছর পর এমন জলাবদ্ধতা সৃষ্টি হয়েছে। ভারতের ব্রজনাতপুর বিএসএফ ক্যাম্পের পাশে সেখানকার কিছু লোক কালভার্টের মুখ বন্ধ করার কারণে মাঠের ফসল তলিয়ে গেছে। দ্রুত কালভার্টের মুখ খোলা না হলে আগামী এক বছর চাষাবাদ করা সম্ভব হবে না। আরেক কৃষক আক্তারুজ্জামান বলেন, ধান, গম, ভুট্টা, পাটসহ বিভিন্ন ফসল এই মাঠে চাষ হয়। অতি বৃষ্টিতে এমনিতেই ফসলের ক্ষতি হচ্ছে, এর মধ্যে আবার ভারতের কালভার্টের মুখ বন্ধ করার কারণে ফসল তলিয়ে গেছে। পানি নিষ্কাশন না হলে বছর খানেক এই মাঠে চাষাবাদ বন্ধ থাকবে। দ্রুত কালভার্টের মুখ খুলে জলাবদ্ধতা নিষ্কাষণের দাবি জানিয়ে স্থানীয় জনপ্রতিনিধি হাবিবুর রহমান বলেন, যদি কালভার্টের মুখ খুলে না দেওয়া হয় তাহলে ফসল চাষ ব্যহত হয়ে একদিকে যেমন কৃষকেরা লোকসানের মুখে পড়বে অন্যদিকে দেশে খাদ্যের চাহিদা পূরণে ব্যহত হবে। গাংনী উপজেলা নির্বাহী অফিসার আনোয়ার হোসেন বলেন, বিষটি সম্পর্কে আমরা আবগত হয়েছি। উর্ব্বর্ধতন কর্মকর্তার সাথে কথা বলে দ্রুত জলাবদ্ধতা নিষ্কাষণের ব্যবস্থা গ্রহণ করা হবে।

### নেপালে অন্তর্বর্তী প্রধানমন্ত্রীর

(প্রথম পৃষ্টার পর)
বিক্ষোভকারীদের স্বজনদেরও।
এর আগে রোববার প্রধানমন্ত্রী কার্কি ওম প্রকাশ আর্যালকে স্বরাষ্ট্র ও আইন মন্ত্রণালয়ের দায়িত্ব দেন। একইসঙ্গে রমেশ্বর খনালকে অর্থমন্ত্রী এবং কুলমান ঘিসিংকে জ্বালানি মন্ত্রী হিসেবে নিয়োগ দেন তিনি। সূত্র জানায়, কার্কি প্রথমে ফোনে আলাদাভাবে তিনজনের সঙ্গেই কথা বলেন, পরে অফিসে ডেকে আলোচনার মাধ্যমে চূড়ান্ত সিদ্ধান্ত নেন। এর আগে সিনিয়র অ্যাডভোকেট সবিতা ভান্ডারীকে অ্যাটর্নি জেনারেল হিসেবে নিয়োগ দেন তিনি। উল্লেখ্য, দুর্নীতি, সরকারবিরোধী নিপীড়ন এবং সামাজিক যোগাযোগমাধ্যমে নিষেধাজ্ঞার প্রতিবাদে গত ৮ সেপ্টেম্বর নেপালে তরুণরা রাস্তায় নেমেছিল। নিরাপত্তা বাহিনী জলকামান, টিয়ারগ্যাস, রাবার বুলেট ও গুলি চালিয়ে তাদের ছত্রভঙ্গ করার চেষ্টা করে। এতে বিভিন্ন শহরে কারফিউ জারি হয়। তবে আন্দোলনকারীরা দমে যাননি, বরং টানা বিক্ষোভ চালিয়ে যেতে থাকেন। চাপের মুখে শেষ পর্যন্ত পদত্যাগ করেন প্রধানমন্ত্রী কে পি শর্মা ওলি। সেই সহিংসতায় এখন পর্যন্ত অন্তত ৭১ জন নিহত হয়েছেন। এ অবস্থায় আন্দোলনকারীদের দাবি এবং প্রেসিডেন্ট রামচন্দ্র পৌডেল ও প্রধান রাজনৈতিক দলগুলোর সঙ্গে আলোচনার পর ১২ সেপ্টেম্বর নেপালের ইতিহাসে প্রথম নারী সরকারপ্রধান হিসেবে শপথ নেন সাবেক বিচারপতি সুশীলা কার্কি। কিন্তু আন্দোলনকারীরা এখন বলছেন, তাদের ত্যাগ বৃথা যাবে যদি অন্তর্বর্তী সরকারের মন্ত্রী নিয়োগে স্বচ্ছতা ও পরামর্শ প্রক্রিয়া নিশ্চিত না হয়। ফলে নেপালের রাজনীতি আবারও অস্থিরতার মুখে পড়েছে।

### মেহেরপুরে আইএফআইসি ব্যাংকের

(প্রথম পৃষ্টার পর)
নতুন দিগন্তের আহ্বান" স্লোগানকে সামনে রেখে বক্তব্য রাখেন আইএফআইসি ব্যাংক মেহেরপুর শাখার ব্যবস্থাপক সাদেক উল্লাহ, অনিতা কোহিনুর, সামিউল আলম ও মইনুদ্দিন প্রমুখ।বক্তারা তরুণদের ব্যাংকিং ব্যবস্থার সঙ্গে পরিচয় করিয়ে দেন। তারা ব্যাংকের বিভিন্ন সুবিধা, সঞ্চয়ের গুরুত্ব এবং আধুনিক ডিজিটাল ব্যাংকিংয়ের সহজলভ্য সেবা নিয়ে আলোচনা করেন। বক্তাদের মতে, ডিজিটাল ব্যাংকিং ব্যবহারের মাধ্যমে তরুণরা ঘরে বসেই ব্যাংকিং কার্যক্রম সম্পন্ন করতে পারবে, যা সময় ও খরচ সাশ্রয়ে সহায়ক হবে। পাশাপাশি উদ্যোক্তা ও শিক্ষার্থীদের জন্য ব্যাংকের নানা সুযোগ-সুবিধা কীভাবে ইতিবাচক প্রভাব ফেলতে পারে, তাও তুলে ধরা হয়। অনুষ্ঠানে অংশগ্রহণকারী শিক্ষার্থীরা জানান, এ আয়োজন তাদের নতুন অভিজ্ঞতা এনে দিয়েছে। ব্যাংকিং সম্পর্কে বাস্তব ধারণা পেয়ে তারা ভবিষ্যতে সঞ্চয় ও বিনিয়োগ বিষয়ে আরও উৎসাহী হয়ে উঠবেন। উৎসবে শিক্ষক, শিক্ষার্থী ও তরুণ-তরুণীদের উপস্থিতিতে প্রাণবন্ত পরিবেশ সৃষ্টি হয়। আয়োজকরা জানান, এ ধরনের আয়োজন তারুণ্যের ইতিবাচক চর্চা, সৃজনশীলতা ও আধুনিক প্রযুক্তির সঙ্গে তাদের সম্পৃক্ত করতে বিশেষ ভূমিকা রাখবে। এর আগে আর্থিক নিরাপত্তা বিষয়ে একটি প্রেজেন্টেশন উপস্থাপন করা হয়। অনুষ্ঠানে কলেজের শিক্ষক-শিক্ষার্থীরা সক্রিয়ভাবে অংশগ্রহণ করেন।

### মেহেরপুরে নারী সমাবেশঃ নারীর

(প্রথম পৃষ্টার পর)
শামিম হোসেন। বিশেষ অতিথি ছিলেন ইসলামিক ফাউন্ডেশনের উপ-পরিচালক এ. জে. এম সিরাজুম মনির ও জেলা নিরাপদ খাদ্য কর্মকর্তা রিয়াজ। বক্তারা তাদের বক্তব্যে নারীর ক্ষমতায়ন, বাল্যবিবাহ প্রতিরোধ, সন্ত্রাস ও মাদক নির্মূল, গুজব প্রতিরোধ, সামাজিক যোগাযোগ মাধ্যমের সঠিক ব্যবহার, পরিবেশ সংরক্ষণ এবং জবাবদিহিতামূলক সমাজ গঠনের ওপর গুরুত্ব আরোপ করেন। তারা বলেন, সমৃদ্ধ ও বৈষম্যহীন বাংলাদেশ গঠনে নারীদের সচেতনতা ও শিক্ষা নিশ্চিত করা জরুরি। এ ধরনের সমাবেশ নারী উন্নয়ন ও সমাজ গঠনে ইতিবাচক ভূমিকা রাখবে বলে বক্তারা মত প্রকাশ করেন।

### মেহেরপুরে মাদক মামলায় এক

(প্রথম পৃষ্টার পর)
করেছেন চীফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট মোঃ শাজাহান আলী। মামলার বিবরণে জানা গেছে, ২০২০ সালের ৩০ মে বিকেল সাড়ে ৪টার দিকে মেহেরপুর জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয়ের পরিদর্শক শাহজালাল খান গোপন সংবাদের ভিত্তিতে আসামির বাড়িতে অভিযান চালান। স্থানীয় সাক্ষীদের উপস্থিতিতে লুঙ্গির ডান কোচর থেকে রূপালি কাগজে মোড়ানো ০.৫ গ্রাম হেরোইন উদ্ধার হয়। এই ঘটনায় মামলা দায়ের করা হলে তদন্ত শেষে আদালতে অভিযোগপত্র দাখিল করা হয়। দীর্ঘ শুনানি ও সাক্ষী গ্রহণের পর আজ রায় ঘোষণা করা হয় এবং দণ্ডপ্রাপ্ত আসামিকে কারাগারে পাঠানো হয়েছে।

### মেহেরপুরে সাউন্ড লাইট ও ফুল

(প্রথম পৃষ্টার পর)
ফুল শ্রমিক ইউনিয়নের নতুন কমিটি গঠন করা হয়।কমিটির অন্যান্য সদস্যরা হলেন, সহ-সভাপতি ডালিম, সহ-সাধারণ সম্পাদক রিপন, কোষাধ্যক্ষ সোহেল, সহ-কোষাধ্যক্ষ আলিফ, সাংগঠনিক সম্পাদক ডিকেন, সহ-সাংগঠনিক সম্পাদক সুজন, প্রচার সম্পাদক উজ্জ্বল, সহ-প্রচার সম্পাদক ওয়াহিদ, দপ্তর সম্পাদক আকরাম, সহ-দপ্তর সম্পাদক বক্স, ক্রীড়া সম্পাদক মুন্না, সাংস্কৃতিক সম্পাদক ইউসুফ এবং নির্বাহী সদস্য হিসেবে সাব্বির, হৃদয়, ইউসুফ, মজিবর।

### সেনাবাহিনীর অভিযানে রুপাসহ যুবক

(প্রথম পৃষ্টার পর)
আমঝুপি মিরপাড়া গ্রামের গোলাম আম্বিয়ার ছেলে। সেনাবাহিনী সূত্রে জানা যায়, গোপন সংবাদের ভিত্তিতে সেনা ক্যাম্পের সামনে তল্লাশি চৌকি বসানো হয়। এসময় মোটরসাইকেলযোগে আসা শিপলুর শরীর ও মালপত্র তল্লাশি করে সাড়ে ১৫ কেজি রুপা উদ্ধার করা হয়। উদ্ধারকৃত রুপার আনুমানিক বাজারমূল্য প্রায় ৪ লাখ টাকা। পরে প্রাথমিক জিজ্ঞাসাবাদ শেষে আটক শিপলুকে উদ্ধারকৃত রুপাসহ মেহেরপুর সদর থানা পুলিশের কাছে হস্তান্তর করা হয়েছে।

### প্রধান উপদেষ্টা

(প্রথম পৃষ্টার পর)
কার্যালয়ের শাপলা হলে আয়োজিত 'ইয়ুথ ভলান্টিয়ার অ্যাওয়ার্ড ২০২৫' প্রদান অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। স্বেচ্ছাসেবামূলক কাজ ও তরুণ প্রজন্মের অনুপ্রেরণামূলক অবদানের স্বীকৃতিস্বরূপ এদিন ১২ তরুণকে পুরস্কৃত করা হয়। তরুণদের উদ্দেশে প্রধান উপদেষ্টা বলেন, "আমি যুবসমাজের প্রত্যেক সদস্যকে আহ্বান জানাই, তোমাদের মেধা, শক্তি এবং সৃজনশীলতা দিয়ে সমাজ ও দেশের উন্নয়নে ভূমিকা রাখো। তোমাদের সাফল্য কেবল ব্যক্তিগত অর্জনে সীমাবদ্ধ না রেখে অন্যদের জন্যও অনুকরণীয় দৃষ্টান্ত হোক।" তিনি আরও বলেন, "আজ আমরা তারুণ্যের শক্তিকে উদযাপন করছি। এটিই আমাদের জাতির চালিকাশক্তি। যখন একটি দেশের যুবসমাজ সক্রিয় থাকে, উদ্যমী ও উদ্ভাবনী শক্তিতে বলীয়ান হয়, তখন কোনো প্রতিবন্ধকতাই তাদের অগ্রযাত্রাকে থামাতে পারে না।" অধ্যাপক ইউনূস উল্লেখ করেন, তরুণদের উদ্ভাবনী শক্তি আজ শিক্ষাক্ষেত্র ছাড়াও স্বাস্থ্যসেবা, পরিবেশ সুরক্ষা, দারিদ্র্য বিমোচন ও সামাজিক ন্যায়বিচার প্রতিষ্ঠায় গুরুত্বপূর্ণ অবদান রাখছে। তিনি স্মরণ করিয়ে দেন, তরুণরাই চব্বিশের গণ-অভ্যুত্থানে নেতৃত্ব দিয়েছে, যুগে যুগে ইতিহাস রচনা করেছে। চ্যালেঞ্জ মোকাবিলায় তরুণদের ঐক্যবদ্ধ হওয়ার আহ্বান জানিয়ে তিনি বলেন, "আমাদের চলার পথে প্রতিনিয়ত নতুন নতুন চ্যালেঞ্জ আসবেড়কখনো জনস্বাস্থ্যের সংকট, কখনো শিক্ষার ঘাটতি, আবার কখনো পরিবেশগত বিপর্যয়। তবে হতাশ হওয়ার কিছু নেই; নিজেদের শক্তি দিয়েই তরুণরা এসব চ্যালেঞ্জ মোকাবিলায় নেতৃত্ব দেবে।" স্বেচ্ছাসেবার গুরুত্ব তুলে ধরে প্রধান উপদেষ্টা বলেন, স্বেচ্ছাসেবা কেবল আর্তমানবতার কল্যাণেই নয়, বরং এটি আত্ম-উন্নয়ন, চরিত্র গঠন ও নেতৃত্বের গুণাবলি বিকাশের অন্যতম পথ। পুরস্কারপ্রাপ্তদের উদ্দেশে তিনি বলেন, "আজকের এই পুরস্কার কেবল স্বীকৃতি নয়, এটি তোমাদের জন্য আহ্বানড় আরও সাহসী হও, নেতৃত্ব দাও এবং সমাজের কল্যাণে নতুন ধারণা ও উদ্ভাবন নিয়ে এগিয়ে আসো।" তিনি আরও বলেন, "আমরা চাই, তরুণেরা কেবল স্বেচ্ছাসেবক হিসেবেই নয়, বরং সমাজের নীতিনির্ধারক, উদ্ভাবক ও পরিবর্তনের স্থপতি হিসেবে নিজেদের গড়ে তুলুক। তাদের সম্মিলিত প্রয়াসেই বাংলাদেশ একটি উন্নত, মানবিক ও উদ্ভাবনী রাষ্ট্র হিসেবে বিশ্বে মাথা উঁচু করে দাঁড়াতে সক্ষম হবে।" অনুষ্ঠানে আরও বক্তব্য দেন যুব ও ক্রীড়া উপদেষ্টা আসিফ মাহমুদ সজীব ভূঁইয়া, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের সচিব মো. মাহবুব-উল-আলম এবং পুরস্কার বিজয়ী সুরাইয়া ফারহানা রেশমা।

### নারী শান্তি সহায়কদের প্ল্যাটফর্মের

(প্রথম পৃষ্টার পর)
মিন আক্তার, পারুল আক্তার, সোনিয়া আক্তার সামেনা, শাহানারা বেগম, মমতাজ পারভিন, মহিমা আক্তার, মুন্নি খাতুন, লিপিকা দে প্রমুখ। সভায় ২১ সেপ্টেম্বর আন্তর্জাতিক শান্তি দিবস উদযাপনসহ মেহেরপুরের নারী উন্নয়ন এবং শান্তি সহায়কদের কার্যক্রম নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়।

### মেহেরপুরে পুলিশের অভিযানে ১০

(প্রথম পৃষ্টার পর)
(চাঁদবিল স্কুল) গ্রামের মোঃ তৌহিদুল ইসলাম, - পিরোজপুর (ঘাটপাড়া), গ্রামের মোছাঃ ছাবিয়া খাতুন, রাইপুর গ্রামের মোছাঃ হাচেনা খাতুন, পিরোজপুর (হাটপাড়া) গ্রামের মোছাঃ মহিমা খাতুন, কোলা (সিপাইপাড়া) গ্রামের মোছাঃ শিখা খাতুন আমদহ গ্রামের মোছাঃ সাথীয়ারা (সাথী), গোভীপুর গ্রামের মোঃ আশরাফুল, - কুলবাড়িয়া গ্রামের মোছাঃ সুফিয়া খাতুন ও একই গ্রামের মোছাঃ রহিমা খাতুন। গ্রেফতারের পর আসামীদেরকে বিজ্ঞ আদালতে সোপর্দ করা হয়েছে। মেহেরপুর জেলা পুলিশের দায়িত্বশীল সূত্র জানিয়েছে, জেলার সার্বিক আইনশৃঙ্খলা স্বাভাবিক রাখতে এবং অপরাধীদের আইনের আওতায় আনতে বিশেষ অভিযান অব্যাহত থাকবে।

### গোল্ডকাপ ফুটবলে পিরোজপুর

(প্রথম পৃষ্টার পর)
২ নং ওয়ার্ড প্রতিপক্ষের গোলরক্ষক সুমনের দৃঢ়তায় গোল করতে ব্যর্থ হয়। বিজয়ী দলের সোহেল ম্যান অব দ্য ম্যাচ, রানার্সআপ দলের আদালত ম্যান অব দ্য টুর্নামেন্ট এবং চ্যাম্পিয়ন দলের গোলরক্ষক সুমন সেরা গোলরক্ষক নির্বাচিত হন।
খেলা শেষে চ্যাম্পিয়ন, রানার্সআপ ও ব্যক্তিগত পুরস্কার বিজয়ীদের হাতে ট্রফি তুলে দেন অতিথিরা। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন পিরোজপুর ইউনিয়নের ভারপ্রাপ্ত চেয়ারম্যান ইকবাল এনামুল কবীর। প্রধান অতিথি ছিলেন সদর উপজেলা নির্বাহী অফিসার মো. খায়রুল ইসলাম।
এ সময় আরও উপস্থিত ছিলেন পিরোজপুর ইউনিয়নের প্রশাসনিক কর্মকর্তা এরশাদ আলী, ইউপি সদস্য আনারুল ইসলাম, ইস্কান্দার মাহমুদ বিপ্লব, আমিরুল ইসলাম, কালু, আসাদুল ইসলাম, অহিদুল ইসলাম, আমেনা খাতুন প্রমুখ।

### চুয়াডাঙ্গায় বৃদ্ধার অর্ধগলিত মরদেহ উদ্ধার

(প্রথম পৃষ্টার পর)
উদ্ধার করে। চুয়াডাঙ্গা সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) খালেদুর রহমান বলেন, "মরদেহ উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালের মর্গে পাঠানো হয়েছে। প্রাথমিকভাবে ধারণা করা হচ্ছে, স্ট্রোকজনিত কারণে তার মৃত্যু হয়েছে।

### কুষ্টিয়ায় বিজিবির মাদকবিরোধী

(প্রথম পৃষ্টার পর)
নায়েব সুবেদার মো. আব্দুর রব এর নেতৃত্বে অভিযান পরিচালিত হয়। অভিযানকালে সীমান্ত পিলার ১৪১/১-এস থেকে প্রায় ১০০ গজ ভেতরে মথুরাপুর মাঠ এলাকা থেকে মালিকবিহীন অবস্থায় ১১ বোতল ভারতীয় মদ ও ৩৯০ পিস নেশাজাতীয় ট্যাবলেট উদ্ধার করা হয়। উদ্ধারকৃত মাদকদ্রব্য ব্যাটালিয়নের মাদক স্টোরে জমা করা হয়েছে, যা ধ্বংসের প্রক্রিয়াধীন। কুষ্টিয়া ব্যাটালিয়ন (৪৭ বিজিবি) জানায়, সীমান্ত এলাকায় মাদক পাচারসহ সকল প্রকার অবৈধ কার্যক্রম প্রতিরোধে বিজিবি সর্বদা সতর্ক রয়েছে। ভবিষ্যতেও এ ধরনের কার্যকর অভিযান অব্যাহত থাকবে।

### মেহেরপুরে স্বেচ্ছাসেবী সংগঠনের

(প্রথম পৃষ্টার পর)
হিসেবে উপস্থিত থেকে ২০টি স্বেচ্ছাসেবী সংগঠনের মাঝে প্রতিটি সংগঠনকে ২৭ হাজার ৬শ টাকা করে মোট ৫ লাখ ৫২ হাজার টাকার চেক বিতরণ করেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন মেহেরপুর জেলা সমাজসেবা অধিদপ্তরের উপ-পরিচালক মোঃ আশাদুল ইসলাম। এ সময় উপস্থিত ছিলেন জেলা প্রতিবন্ধী বিষয়ক কর্মকর্তা তুলসী কুমার পাল, সদর উপজেলা সমাজসেবা কর্মকর্তা আনিসুর রহমান, শহর সমাজসেবা কর্মকর্তা সোহেল মাহমুদসহ অন্যান্যে।

## হাত না মেলানো ইস্যুতে ভারতের বিরুদ্ধে পাকিস্তানের অভিযোগ

সূর্যোদয় প্রতিবেদন

ক্রিকেট মাঠে ভারত-পাকিস্তান ম্যাচ মানেই বাড়তি উত্তেজনা, আবেগ আর প্রতিদ্বন্দ্বিতা। তবে এবারের এশিয়া কাপের গ্রুপ পর্বে দুবাইয়ে অনুষ্ঠিত দুই দলের মুখোমুখি লড়াইয়ের পর তৈরি হয়েছে এক অস্বস্তিকর পরিস্থিতি। মাত্র ১২৮ রানের লক্ষ্য সহজেই ১৫.৫ ওভারে ছুঁয়ে যায় ভারত। জয়সূচক ছক্কার পরই ভারতীয় অধিনায়ক সূর্যকুমার যাদবসহ পুরো দল সরাসরি ড্রেসিংরুমে ফিরে যান। এ সময় প্রতিপক্ষ পাকিস্তানি ক্রিকেটাররা মাঠে দাঁড়িয়ে ছিলেন ম্যাচ-পরবর্তী ঐতিহ্যবাহী হাত মেলানোর অপেক্ষায়। কিন্তু কোনো সৌজন্য বিনিময় হয়নিড়না করমর্দন, না কথোপকথন, এমনকি চোখাচোখিও নয়। পাকিস্তানি গণমাধ্যমের দাবি, ম্যাচ শেষে ড্রেসিংরুমের বাইরে অপেক্ষমাণ পাকিস্তানি খেলোয়াড়দের সঙ্গেও দেখা করতে যাননি কোনো ভারতীয় ক্রিকেটার। ঘটনাটির ভিডিও ছড়িয়ে পড়তেই শুরু হয় বিতর্ক ও প্রতিক্রিয়ার ঝড়। পাকিস্তানের প্রধান কোচ মাইক হেসন একে "হতাশাজনক" বলে মন্তব্য করেছেন। সাবেক ফাস্ট বোলার শোয়েব আখতার সরাসরি সূর্যকুমার যাদবের বিরুদ্ধে "ক্রিকেটে রাজনীতি আনার" অভিযোগ তুলেছেন। রশিদ লতিফ ক্ষোভ প্রকাশ করে বলেন, "হ্যাঁ, তোমরা হয়তো বিশ্বসেরা দল। কিন্তু খেলা শেষে হাত না মেলানোতেই তোমাদের প্রকৃত চেহারা ফুটে উঠেছে। পাকিস্তানি খেলোয়াড়েরা অপেক্ষা করছিল, ভারতীয়রা সোজা চলে গেল। আইসিসি কি কিছু বলবে না?"
সামাজিক যোগাযোগমাধ্যমেও চলছে তীব্র সমালোচনা। পাকিস্তানি সমর্থকদের একাংশ একে "অখেলোয়াড়সুলভ আচরণ" বলে আখ্যা দিয়েছেন। অন্যদিকে ভারতীয় সমর্থকদের অনেকেই এই আচরণকে সমর্থন জানিয়ে বলছেন, এটি ছিল "জাতীয় আবেগের প্রতিফলন।" এমন পরিস্থিতিতে পাকিস্তান ক্রিকেট বোর্ড (পিসিবি) আনুষ্ঠানিক অভিযোগ জানিয়েছে। যদিও এশিয়া কাপের আয়োজক এশিয়ান ক্রিকেট কাউন্সিল (এসিসি), তবে যেহেতু এটি আন্তর্জাতিক ম্যাচ, তাই এখানে প্রযোজ্য আইসিসির আচরণবিধি। আইসিসির নীতিমালায় বলা আছে, খেলোয়াড়দের উচিত খেলা, প্রতিপক্ষ, আম্পায়ার ও কর্মকর্তাদের প্রতি সম্মান প্রদর্শন করা। তবে ম্যাচ শেষে হাত মেলানো বাধ্যতামূলক নয়, এটি কেবল সৌজন্যের প্রতীক। সেই হিসেবে ভারতীয় দলকে শাস্তি দেওয়ার সুযোগ নেই। চাইলে আইসিসি কেবলমাত্র একটি "মৃদু তিরস্কার" জারি করতে পারে। তাছাড়া, আইসিসির শীর্ষ পদে ভারতীয় প্রতিনিধি জয় শাহ থাকায় কঠোর পদক্ষেপ নেওয়ার সম্ভাবনা খুবই ক্ষীণ। এই ঘটনার পর শুধু ক্রিকেটীয় দক্ষতা নয়, খেলাধুলার মঞ্চে সৌজন্য ও প্রতিপক্ষের প্রতি সম্মান প্রদর্শনের গুরুত্ব নিয়েও নতুন করে আলোচনার সূচনা হয়েছে।

## আসামের বাংলাদেশি শিক্ষার্থীদের মধ্যে মারামারি, ৫ জন বহিষ্কার

সূর্যোদয় প্রতিবেদন

শিলচর, আসাম ভারতের শিলচরের ন্যাশনাল ইনস্টিটিউট অফ টেকনোলজি (এনআইটি) কলেজে বাংলাদেশি শিক্ষার্থীদের দুই গ্রুপের মধ্যে মারামারি ও মাদকদ্রব্য উদ্ধারের ঘটনায় কলেজ কর্তৃপক্ষ ৫ জন শিক্ষার্থীকে বহিষ্কার করেছে। কলেজের ডিরেক্টর অধ্যাপক দিলীপ কুমার বৈদ্য জানান, "এই পাঁচজন শিক্ষার্থী ক্যাম্পাসের ভেতর সহিংসতায় সক্রিয়ভাবে জড়িত ছিল। তদন্তের সময় তাদের কাছ থেকে কিছু মাদকদ্রব্য উদ্ধার করা হয়েছে, যা গুরুতর উদ্বেগের বিষয়। তাঁদের হোস্টেল থেকেও বহিষ্কার করা হয়েছে এবং দুটি সেমিস্টারের জন্য শিক্ষাসহ অংশগ্রহণে নিষিদ্ধ করা হয়েছে। শিগগিরই তাঁরা বাংলাদেশে ফেরত পাঠানো হবে।" প্রত্যক্ষদর্শীদের বরাত দিয়ে জানা গেছে, গত ৯ সেপ্টেম্বর রাত সাড়ে ১১টার দিকে হোস্টেলের ২০৬ নং কক্ষে এই মারামারি ঘটে। আক্রমণকারীরা লোহার রড, ছুরি ও স্ক্রু ড্রাইভার ব্যবহার করে তাদের সহপাঠীদের ওপর হামলা চালায়। বহিষ্কৃত শিক্ষার্থীদের মধ্যে তিনজন 'ইন্ডিয়ান কাউন্সিল ফর কালচারাল রিলেশনস' (আইসিসিআর) স্কলারশিপধারী ছিলেন। তাঁদের মধ্যে তৃতীয় বর্ষ ও চতুর্থ বর্ষের শিক্ষার্থীরা এই ঘটনায় জড়িত ছিল। কর্মকর্তারা জানিয়েছেন, কলেজে নিরাপত্তা এবং শৃঙ্খলা বজায় রাখার জন্য কঠোর ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

### রুশ ড্রোন অনুপ্রবেশে সতর্ক ন্যাটো

(শেষ পৃষ্টার পর)
ট্যাংকার বিমান ও জার্মানির প্যাট্রিয়ট ক্ষেপণাস্ত্র প্রতিরক্ষা ব্যবস্থা এই অভিযানে অংশ নেয়। তবে পোল্যান্ড ও নেদারল্যান্ডসের যুদ্ধবিমান কেবল সীমিত সফলতা পায়। তবুও ন্যাটো মহাসচিব মার্ক রুটে ঘটনাটিকে 'খুব সফল প্রতিক্রিয়া' হিসেবে অভিহিত করেন। এর মাত্র তিন দিন পর, ১৩ সেপ্টেম্বর রোমানিয়াও তাদের আকাশে রুশ ড্রোন প্রবেশের খবর নিশ্চিত করে। একই সময়ে সাবেক মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প ইউক্রেন যুদ্ধকে 'আমাদের যুদ্ধ নয়' বলে মন্তব্য করে বিতর্ক সৃষ্টি করেন। ফলে প্রশ্ন উঠেছেড়ন্যাটো কি সত্যিই ইউরোপের আকাশকে রুশ হামলার হাত থেকে রক্ষা করতে সক্ষম? ন্যাটোর আকাশ প্রতিরক্ষা তিনটি ধাপে গড়ে উঠেছে। প্রথম ধাপঃ হুমকি শনাক্তকরণ। এ জন্য রয়েছে ১৪টি এয়ারবোর্ন আর্লি ওয়ার্নিং অ্যান্ড কন্ট্রোল (অডঅঈঝ) বিমান, যা মূলত জার্মানিতে অবস্থান করে। পাশাপাশি সিসিলি থেকে উড্ডয়নকারী আরকিউ-৪ডি ফিনিক্স ড্রোন দীর্ঘ সময় নজরদারি চালায়। পোল্যান্ডও যুক্তরাষ্ট্র থেকে উন্নত রাডারযুক্ত এ্যারোস্ট্যাট (বেলুন) কিনছে। দ্বিতীয় ধাপঃ যুদ্ধবিমান মোতায়েন। ইতালি, স্পেন, হাঙ্গেরি, নেদারল্যান্ডস ও নরওয়ের যুদ্ধবিমান পূর্ব ইউরোপের আকাশ পাহারা দিচ্ছে। ফ্রান্স সম্প্রতি তিনটি রাফায়েল যুদ্ধবিমান পোল্যান্ডে পাঠিয়েছে। তৃতীয় ধাপঃ স্থলভিত্তিক প্রতিরক্ষা। পোল্যান্ডে জার্মানির পাঠানো প্যাট্রিয়ট ক্ষেপণাস্ত্র ব্যবস্থা মোতায়েন আছে। যুক্তরাষ্ট্র, নেদারল্যান্ডস ও অন্যান্য মিত্র দেশও রাডার ও ক্ষেপণাস্ত্র প্রতিরক্ষা কার্যক্রমে যুক্ত। এসব একীভূত হয়ে 'ইন্টিগ্রেটেড এয়ার অ্যান্ড মিসাইল ডিফেন্স' কাঠামোর আওতায় পরিচালিত হয়, যার কেন্দ্র জার্মানির রামস্টেইনে অবস্থিত ন্যাটোর এলাইড এয়ার কমান্ড।

### বিক্ষোভে উত্তাল তুরস্ক, এরদোয়ানের

(শেষ পৃষ্টার পর)
দাবি করেন বিরোধী নেতারা।
রয়টার্সের প্রতিবেদনে বলা হয়, আঙ্কারার তানদোগান স্কয়ারে এক বিশাল সমাবেশ করে রিপাবলিকান পিপলস পার্টি- সিএইচপি। যেখানে সমবেত হন কয়েক লাখ মানুষ। লাইভ ফুটেজে দেখা গেছে, জনতা তুরস্কের পতাকা এবং দলীয় ব্যানার উড়িয়ে প্রেসিডেন্ট রিসেপ তাইয়েপ এরদোয়ানের পদত্যাগের জন্য স্লোগান দিচ্ছে। গত কয়েক মাসে সিএইচপি-র একাধিক মেয়র এবং শতাধিক পৌর কর্মচারীকে দুর্নীতির অভিযোগে গ্রেফতার করা হয়েছে। এর মধ্যে রয়েছেন ইস্তাম্বুলের মেয়র এবং বর্তমান প্রেসিডেন্ট রিসেপ তাইয়েপ এরদোয়ানের মূল প্রতিদ্বন্দ্বী একরেম ইমামোগলুও। সিএইচপির দাবি, এসব গ্রেফতার এবং দুর্নীতির অভিযোগ মিথ্যা। বিরোধী দলকে দুর্বল করতেই পরিকল্পিত অবৈধ অভিযান চালাচ্ছে সরকার। যা এরদোয়ানের আগামী প্রেসিডেন্ট নির্বাচনের পথ প্রশস্ত করবে। এদিনে আন্দোলনের মঞ্চে দাঁড়িয়ে দলীয় নেতা ওজগুর ওজেল বলেন, এই মামলাগুলো রাজনৈতিক। গ্রেফতার নেতারা নির্দোষ বলেও দাবি করেন তিনি। তবে এমন অভিযোগ অস্বীকার করেছে এরদোয়ান সরকার। বলেছে, তুরস্কের বিচার ব্যবস্থা স্বাধীন এবং তারা আইন অনুযায়ী কাজ করছে। এদিকে, তুরস্কের কংগ্রেস বাতিল চেয়ে ২০২৩ সালে করা মামলার রায় হওয়ার কথা আজ। কংগ্রেস বাতিল হলে সিএইচপি'র নেতৃত্ব বদল হওয়ার সম্ভাবনা প্রবল, যা দলটিকে অভ্যন্তরীণ সংকটে ফেলবে বলে মনে করছে বিশেষজ্ঞরা।

### 'নির্বাচন বানচালকারীরা আপনার

(শেষ পৃষ্টার পর)
লীগের প্রেতাত্মা ঘোরাফেরা করছে।' নির্বাচন কমিশনকে উদ্দেশ করে তিনি বলেন, 'প্রধান নির্বাচন কমিশনার ইতোমধ্যেই গ্রহণযোগ্যতা অর্জন করেছেন। কিন্তু নির্বাচনের ট্রেনে আমরা যখন উঠলাম, তখনই আওয়ামী প্রেতাত্মারা শেখ হাসিনার সঙ্গে আলাপ করে নির্বাচন বানচালের প্রস্তুতি নিচ্ছে।' বিএনপি নেতাদের আন্দোলনে সক্রিয় থাকার আহ্বান জানিয়ে ফারুক বলেন, 'বাংলাদেশকে ভালোবাসেন, দেশের মানুষকে ভালোবাসেনড়এমন প্রত্যেককে আমি অনুরোধ করছি ঐক্যবদ্ধ থাকার জন্য। হাসিনার মতো প্রতারণা করে আমরা ক্ষমতায় যেতে চাই না। আমার নেতা তারেক রহমান বলেছেন, আমার ভোট আমি দেবো।